# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 12, 1433 Bangla, April 25, 2026, Saturday, No. 112, 56th year


# H I G H L I G H T S

Bangladesh has called for urgent global action to narrow the widening SDG financing gap and build a fair, inclusive & effective international financial system. [R. Today: 12]

Bangladesh has issued a strong call for revitalisation of SAARC, urging member states to transform it into a functional & resilient regional platform dedicated to welfare of over 2 billion South Asians. [R. Today: 12]

In the past 24 hours, 7 more children have died from measles and measles-like symptoms in country. [Jago FM: 17]

WHO has expressed concern over the measles situation in Bangladesh, categorising it as a "high-risk" national scenario. Infections have spread to 58 of 64 districts in the country. [R. Today: 14]

The long waits & suffering at the pump for fuel seem to be going on. Govt. said there is sufficient stock of fuel but dealers claim that the supply is low. [R. Today: 14]

The forecast of heavy to very heavy rainfall in Sunamganj for the next few days has raised the risk of flash floods. Water Development Board has issued a warning in the haor region. [R. Today: 14]

Akbar Ali, vice-president of BNP's Joynagar Union of Durgapur Upazila in Rajshahi has been expelled for entering a college, vandalizing it and beating a female teacher with shoes. [BBC: 03]

Both Hezbollah and Israel have accused each other of violating the current ceasefire agreement.[BBC: 10]


| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ১২, বাংলা ১৪৩৩, এপ্রিল ২৫, ২০২৬, শনিবার, নং- ১১২, ৫৬তম বছর**

# শিরোনাম

বৈশ্বিক এসডিজি অর্থায়ন ঘাটতি মোকাবিলা এবং ন্যায্য, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জরুরি ও সমন্বিত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছে বাংলাদেশ। [রে. টুডেঃ ১২]

বাংলাদেশ সার্ককে পুনরুজ্জীবিত করার জন্য জোরালো আহ্বান জানিয়েছে এবং সদস্য রাষ্ট্রগুলোকে এটিকে ২০০ কোটিরও বেশি দক্ষিণ এশীয়দের কল্যাণে নিবেদিত একটি কার্যকর ও স্থিতিশীল আঞ্চলিক মঞ্চে রূপান্তরিত করার জন্য অনুরোধ করেছে। [রে. টুডেঃ ১২]

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু হয়েছে। [জাগো এফএমঃ ১৭]

হাম পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে, বাংলাদেশ ‵উচ্চ ঝুঁকিপূর্ণ, অবস্থায় রয়েছে। দেশটির ৬৪ জেলার মধ্যে ৫৮ জেলায় সংক্রমণ ছড়িয়েছে। [রে. টুডেঃ ১৪]

তেলের জন্য পাম্পের সামনে দীর্ঘ অপেক্ষা আর ভোগান্তি যেন শেষই হচ্ছে না। সরকার বলছে, তেলের পর্যাপ্ত মজুত আছে, ডিলারদের দাবি- সরবরাহ কম। [রে. টুডেঃ ১৪]

সুনামগঞ্জে আগামী কয়েক দিনের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাসে আকস্মিক বন্যার আশঙ্কা দেখা দিয়েছে। হাওর অঞ্চলে সতর্কতা জারি করেছে পানি উন্নয়ন বোর্ড। [রে. টুডেঃ ১৪]

রাজশাহীর দূর্গাপুরে একটি কলেজে ঢুকে ভাঙচুর ও শিক্ষিকাকে জুতাপেটা করার ঘটনায় দূর্গাপুর উপজেলাধীন জয়নগর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি আকবর আলীকে বহিষ্কার করা হয়েছে। [বিবিসি : ০৩]

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী আইডিএফ ও ইরান-সমর্থিত লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ একে-অপরকে যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ তুলেছে। [বিবিসিঃ ১০]

# বিবিসি

## কলেজ শিক্ষিকাকে মারধরের ঘটনায় বিএনপি নেতা বহিষ্কার

রাজশাহীর দুর্গাপুরে একটি কলেজে ঢুকে ভাঙচুর ও শিক্ষিকাকে জুতাপেটা করার ঘটনায় দুর্গাপুর উপজেলাধীন জয়নগর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি আকবর আলীকে বহিষ্কার করা হয়েছে। শুক্রবার বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এটি জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দাওকান্দি সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে ঢুকে ভাঙচুর ও একজন শিক্ষিকার সাথে অশোভন আচরণের অভিযোগ উঠেছে দুর্গাপুর উপজেলাধীন জয়নগর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি আকবর আলীর বিরুদ্ধে। সুতরাং, দলীয় নীতি, আদর্শ ও শৃঙ্খলা পরিপন্থি কার্যকলাপে জড়িত থাকার সুস্পষ্ট অভিযোগে রাজশাহী জেলাধীন দুর্গাপুর উপজেলার জয়নগর ইউনিয়ন বিএনপির সহ-সভাপতি আকবর আলীকে বিএনপির প্রাথমিক সদস্যসহ সকল পর্যায়ের দলীয় পদ থেকে বহিষ্কার করা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে শুরু করে গণমাধ্যম, প্রায় সবখানেই এই ঘটনার ছবি ও ভিডিও ছড়িয়ে পড়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

## দেশে যে জ্বালানি সংকট দেখা দিয়েছে, তার কিছুটা তৈরি করা : মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব ও এলজিআরডি মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশে যে জ্বালানি সংকট দেখা দিয়েছে, তার কিছুটা তৈরি করা। আজ শুক্রবার ঠাকুরগাঁওয়ে একটি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরও বলেন, ”ইরান, আমেরিকা, ইসরায়েলের মধ্যে যুদ্ধে সারা বিশ্বের পাশাপাশি, বাংলাদেশও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমাদের এখানে তেলের দাম বেড়ে গেছে। আমি আসতে আসতে দেখলাম, পেট্রোল পাম্পগুলোয় অনেক মোটরসাইকেল। এটা একটা সমস্যা তৈরি হয়েছে। কিন্তু এই সমস্যা তেলের সরবরাহ কমের জন্য নয়, এই সমস্যার কিছুটা তৈরি করা।„ দুঃখজনকভাবে কিছু মানুষ এখানে একটা অনৈতিক ব্যবসা শুরু করেছে, যা আমাদের দেশের জন্য, জাতির জন্য ক্ষতিকর হয়ে যাচ্ছে। এটা করতে দেওয়া যাবে না। আমি প্রশাসনকে বলেছি, এটার দিকে নজর দিতে হবে। কেউ যেন কোনোভাবেই এই দুর্যোগের সময়ে দুর্নীতি করে তেল বিক্রি করে ফায়দা না লুটতে পারে।„(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশের তিন বিভাগে ঝড় ও বজ্রবৃষ্টির পূর্বাভাস

বাংলাদেশের বেশ কয়েকটি বিভাগে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ চলছে। এর মধ্যেই কয়েকটি জেলায় ঝড় ও ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া বিভাগ। শুক্রবার কালবৈশাখির সতর্কবার্তায় জানানো হয়েছে, রংপুর, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের উপর দিয়ে পশ্চিম বা উত্তর-পশ্চিম দিক থেকে ঘণ্টায় ৪৫ থেকে ৬০ কিলোমিটার বেগে অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দরগুলোকে এক নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে। আরেকটি পৃথক বিজ্ঞপ্তিতে আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আজ ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, ফেনী, লক্ষ্মীপুর, রাঙামাটি, বান্দরবান ও পটুয়াখালী জেলাসহ খুলনা বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামীকাল সকাল ৯টা পর্যন্ত তা অব্যাহত থাকতে পারে। আগামী পাঁচদিনের পূর্বাভাসের আরেকটি বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশের উত্তরাঞ্চল ও তার আশেপাশের এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরি হচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। আর এর প্রভাবে শনিবার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ৯৬ ঘণ্টায় ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে। আবহাওয়াবিদ ড. মুহাম্মদ আবুল কালাম মল্লিক স্বাক্ষরিত ওই বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ওই বিভাগগুলো ছাড়া দেশের অন্য সব স্থানে অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকার সম্ভাবনা রয়েছে। প্রসঙ্গত, আবহাওয়া অধিদপ্তরের হিসাব অনুযায়ী, কোনো এলাকায় যদি তাপমাত্রা ৪০ থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াস থাকে, তাহলে তাকে বলে তীব্র তাপপ্রবাহ। তাপমাত্রা যখন ৩৮ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াস থাকে, তাকে বলে মাঝারি তাপপ্রবাহ এবং তাপমাত্রা ৩৬ থেকে ৩৮ ডিগ্রি সেলসিয়াস থাকলে, সেটিকে মৃদু তাপপ্রবাহ বলে। গতকাল বৃহস্পতিবার দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোরে ৩৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে পঞ্চগড়ের তেঁতুলিয়ায় ২৩ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

## টাইমলাইন রানা প্লাজা; যে ভবন ধসে ১১০০-এর বেশি শ্রমিকের মৃত্যু হয়েছিল

বাংলাদেশের সাভারে নয়তলা ভবন রানা প্লাজা ধসের পর ১৩ বছর পূর্ণ হচ্ছে। ওই ধসের ঘটনায় ১১০০-এর বেশি শ্রমিক প্রাণ হারিয়েছিলেন, যাদের বেশিরভাগই ছিলেন তৈরি পোশাক কারখানার শ্রমিক। বিশ্বের ভয়াবহতম শিল্প দুর্যোগের একটি হিসেবে এরই মধ্যে ইতিহাসে জায়গা করে নিয়েছে ওই ভবন-ধসের ঘটনা। যেদিন রানা প্লাজা ভেঙে পড়ে, তার আগের দিনই ভবনটিতে ফাটল দেখা দিয়েছিল। আর সেই ফাটল অগ্রাহ্য করেই পরের দিন ভবনটির পাঁচটি পোশাক কারখানায় শ্রমিকদের কাজে ফিরতে বাধ্য করা হয়। কী ঘটেছিল, ভবন-ধসের আগের দিন, অর্থাৎ ২৩ এপ্রিল?

**২৩ এপ্রিল ২০১৩, মঙ্গলবার, সকাল ৮টা**

বাংলাদেশে ঘন্টা দুয়েক আগেই শুরু হয়েছে বিরোধী জোটের টানা দুইদিনের হরতাল। হরতালের আওতামুক্ত শিল্প হিসেবে তৈরি পোশাক শ্রমিকদের পদচারণা শুরু হয়েছে সাভারে। ব্যস্ত ঢাকা-আরিচা মহাসড়কের পাশে নয়তলা ভবন রানা প্লাজা। এই ভবনটিতেও দলে দলে ঢুকছে শত-শত নারী পুরুষ। ভবনটির তিনতলা থেকে শুরু হয়ে নয়তলা পর্যন্ত রয়েছে পাঁচটি তৈরি পোশাক কারখানা। নিচতলা ও দোতলায় শপিংমল, সেখানে রয়েছে মোট ২৭০টি দোকান। সেই সাথে ভবনে আছে, বেসরকারি ব্র্যাক ব্যাংকের একটি শাখা। তিন তলায় নিউ ওয়েভ বটমস লিমিটেড। আর সবার মতোই সেদিন এই ফ্লোরের কাটিং সেকশনে এসে কাজ শুরু করেছিলেন সুপারভাইজার নুরুল ইসলাম খান। এই কারখানাটিতে তখন তৈরি হচ্ছিল ইউরোপীয় ক্রেতাদের জন্য বাচ্চাদের প্যান্ট। ঘটনার শুরু হয়েছিল এই তিনতলা থেকেই।

**সকাল পৌনে ১০টা**

তিনতলার একটি পিলারে হঠাৎ চড়চড় করে শব্দ হলো। একটি সেলাই মেশিনের উপর সশব্দে খসে পড়লো দেয়ালের প্লাস্টার। আতঙ্কে ছোটাছুটি শুরু করলেন শ্রমিকেরা। এভাবেই ফাটল আবিষ্কারের ঘটনা বর্ণনা করছিলেন নুরুল ইসলাম খান। ”আমরা তখন কাউকে কিছু না বলে চেয়ারম্যানকে ফোন করি। তিনি আমাদের কারখানা ছুটি দিয়ে দিতে বলেন এবং তার সাথে দেখা করতে বলেন।„ মি. খান আরও বলেন, ”পরে ম্যানেজার এসে আমাদের বলেন, এরকম দু-একটা পিলার না থাকলে কিছু হবে নাকি ব্যাটা! এখন কাজের যা চাপ! আমরা নাইট করে কুলাতে পারছি না। ম্যানেজারের সাথে যখন কথা বলছিলাম, তখনও আমি পিলারের ভেতর চড়চড় শব্দ শুনতে পাচ্ছিলাম।„ কিন্তু ফাটলের খবর চাপা থাকেনি। বাংলাদেশের বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল একুশে টেলিভিশনের সাভার সংবাদদাতা নাজমুল হুদা কয়েক মিনিটের মধ্যেই তার ক্যামেরা নিয়ে পৌঁছে যান ঘটনাস্থল রানা প্লাজায়। রানা প্লাজার ফাটলের সংবাদ সংগ্রহ ও চিত্রধারণ কিন্তু সেদিন সহজ ছিল না মি. হুদার জন্য। ওই সময় তাকে বারবারই বাধা দেয় রানা প্লাজা নামে ভবনটির মালিক ও সাভার যুবলীগের নেতা সোহেল রানার সঙ্গী-সাথীরা। এমনকি এক পর্যায়ে মি. হুদাকে বের করে দিয়ে ভবনের গেটে তালা ঝুলিয়ে দেয় তারা। এসময় তিনি কৌশলে সোহেল রানার একটা সাক্ষাৎকার নেন।

**বেলা সাড়ে ১২টা**

রানা প্লাজার ভেতরে নিজের কার্যালয়ে বসেই একুশে টেলিভিশনকে সাক্ষাৎকার দেন সোহেল রানা। তার বক্তব্য ছিল, ”পিলারের ওখান থেকে চুল পরিমাণ প্লাস্টার খুলে পড়েছে। মানুষ তিলকে তাল বানাচ্ছে।„ ”আমরা ইঞ্জিনিয়ার সাথে নিয়ে দেখে এসেছি। ইঞ্জিনিয়ার বলেছে, এটা ঝুঁকিপূর্ণ না। দুয়েকদিনের মধ্যেই প্লাস্টার ঠিক করে ফেলা হবে।„ সাক্ষাৎকারে যে প্রকৌশলীর কথা উল্লেখ করেন মি. রানা, সংবাদদাতা নাজমুল হুদা জানান, ওই প্রকৌশলী ভবনটির কোনও কর্তৃপক্ষ নন। তিনি মূলত রানা প্লাজা ভবন নির্মাণকালে সোহেল রানার নিয়োগ করা একজন বেসরকারি প্রকৌশলী, তার নাম আব্দুর রাজ্জাক।

**বেলা ৩টা**

রানা প্লাজা পরিদর্শন করেছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কবির হোসেন সরদার। প্রকৌশলী আব্দুর রাজ্জাকের বরাত দিয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা বলেন, ”অস্বাভাবিক কিছু না। একটা পিলারে কিছুটা ফাটল দেখা দিয়েছে। বিশাল আশঙ্কার কোনও সম্ভাবনা নেই।„

**২৪ এপ্রিল ২০১৩, বুধবার, সকাল ৮টা**

বাংলাদেশে দ্বিতীয় দিনের মতো হরতাল চলছে সেদিন। রানা প্লাজার শপিংমলের সব দোকান বন্ধ। বন্ধ ব্র্যাক ব্যাংকের শাখাটিও। শুধু পাঁচটি পোশাক কারখানার শ্রমিক-কর্মচারীরা ভবনের সামনে ইতস্তত ঘোরাঘুরি করছেন। আশপাশে মাইকে ঘোষণা দিয়ে বলা হচ্ছে, শ্রমিকদের কাজে যোগ দিতে।

**সকাল সাড়ে ৮টা**

শ্রমিকেরা ঢুকে পড়েছে রানা প্লাজায়। তিনতলা থেকে নয়তলা, সবগুলো ফ্লোরেই শুরু হয়ে গেছে কাজ। তিনতলায় কাজ শুরু করেছেন নিউ ওয়েভ বটমসের কাটিং সুপারভাইজার নুরুল ইসলাম খান। ”ফ্লোরে মাইকিং করে বলা হচ্ছে, ভবনটি ১৩ তলা ফাউন্ডেশন, কেবল নয়তলা হয়েছে। আতঙ্কিত হওয়ার কারণ নাই কোনও। আর যদি কোনও দুর্ঘটনা দেখা দেয়, আমাদের কমপ্লায়েন্সের লোক আছে চারিদিকে, তোমাদের দ্রুত বের হয়ে যাওয়ার ব্যবস্থা করা হবে,„ বিবিসিকে বলছিলেন মি. খান।

**সকাল ৮টা ৪০ মিনিট**

মি. খান হঠাৎ দেখতে পান, চারদিকে কিছু লোক আতঙ্কিতভাবে দৌড়াতে শুরু করেছে। ”পনেরো বিশ-জন দৌড়ে বাইরে চলে গেল। লাইনের মেয়েগুলো সব দেখলাম দাঁড়িয়ে গেল। আমিও দাঁড়িয়ে আছি। তখন অন্যরা আবার বলল, কিছু হয়নি, বসো বসো। তখন সব মেয়েরা আবার বসে পড়ল,” বলেন তিনি।

**২৪ এপ্রিল ২০১৩, বুধবার, সকাল ৮টা ৪৭ মিনিট**

ভেতরে থাকা কয়েক হাজার শ্রমিক নিয়ে ধসে পড়লো সাভারের রানা প্লাজা নামের নয়তলা ভবনটি। এসময় সামনের মহাসড়ক পুরোটাই ধুলোয় ঢাকা পড়ে যায়। শুরু হয় ভেতর থেকে প্রাণ নিয়ে বেরিয়ে আসা শ্রমিকদের আর্তচিৎকার। ওই সময় মোবাইল ফোনের ক্যামেরায় সেই চিত্র ধারণ করেন একজন পথচারী। ভিডিওটি পরবর্তীতে বাংলাদেশের বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল সময় টেলিভিশনে প্রচারিত হয়। মাত্র কয়েক সেকেন্ডের সেই শ্বাসরুদ্ধকর ঘটনা বাইরে থেকে প্রত্যক্ষ করেছিলেন রানা প্লাজার ঠিক সামনেরই এক টি-স্টলের মালিক আব্দুল হামিদ ব্যাপারী। ৯টা বাজার ১৩ মিনিট বাকী আছে। বিল্ডিংটা একটা মোচড় খেয়ে ফট করে তিন সেকেন্ডের মধ্যে পড়ে গেল। তারপর ধুলায় অন্ধকার হয়ে গেল। কিছুই আর দেখি না। আমার দুই হাত, চোখ-মুখ ধুলায় মেখে গেছে। পাঁচ মিনিট পরে আমি দৌড়ে পাশের চারতলা ভবনে ছাদে উঠে যাই, সেখানে আমার ছেলে ছিল।„ ”ছেলেটা আমার মারা গেছে,„ বলতে বলতেই কান্নায় ভেঙে পড়েন মি. ব্যাপারী।

২৪ এপ্রিল ২০১৩, বুধবার, বাংলাদেশ সময় সকাল ৮টা ৪৭ মিনিটে ঢাকার অদূরে সাভারে ঘটে গেল বিশ্বের ইতিহাসে ভয়াবহতম শিল্প-দুর্যোগগুলোর একটি। এর পরের ঘটনাগুলো দ্রুতই ঘটতে থাকে। উদ্ধার অভিযানের নেতৃত্বে চলে আসে সেনাবাহিনী। তাদের সাথে দমকল, পুলিশ এবং বহু অপেশাদার স্বেচ্ছাসেবক যোগ দেন। একের পর এক বের হতে থাকে মৃতদেহ। প্রাথমিকভাবে তাদের নিয়ে যাওয়া হয় সাভার অধরচন্দ্র মডেল হাইস্কুলের বারান্দা, মেঝেতে আর খেলার মাঠে। আহতদের জায়গা হতে থাকে রানা প্লাজার অদূরের বেসরকারি হাসপাতাল এনাম মেডিকেল কলেজে। প্রতিদিনই বাড়তে থাকে লাশের স্তূপ। আর কমতে থাকে জীবিতদের উদ্ধার করবার আশা।

**১০ মে ২০১৩, শুক্রবার**

রানা প্লাজা ধসে পড়ার ১৭তম এই দিনটিতে ঘটে যায় এক বিস্ময়কর ঘটনা। এদিন বিকেলে ধ্বংসস্তূপ থেকে বিস্ময়করভাবে জীবিত এবং অক্ষত অবস্থায় বের করে আনা হয় রেশমা বেগম নামে এক গার্মেন্টস শ্রমিককে।

**১৩ মে ২০১৩, সোমবার**

রেশমা বেগমকে উদ্ধারের তিনদিন পর সেনাবাহিনী আনুষ্ঠানিক ঘোষণা দিয়ে রানা প্লাজায় উদ্ধার অভিযান সমাপ্ত করে। কুড়ি দিনের উদ্ধার তৎপরতায় রানা প্লাজার ধ্বংসস্তূপ থেকে বের করে আনা হয় ১ হাজার ১২৭টি মৃতদেহ। জীবিত উদ্ধার করা হয় আড়াই হাজারের মতো মানুষ। যাদের অনেকেই চিরতরে পঙ্গুত্ব বরণ করে। এই প্রতিবেদনটি রানা প্লাজা ভবন ধসের ছয় মাস পূর্তির সময় ২০১৩ সালের অক্টোবরে প্রকাশ করা হয়েছিল।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৪.২০২৬ আলী আহমেদ)

## মজুত আছে, তবু অকটেন পাচ্ছে না কেন মানুষ?

তেলের জন্য পাম্পের সামনে দীর্ঘ অপেক্ষা আর ভোগান্তি যেন শেষই হচ্ছে না। সরকার বলছে, তেলের পর্যাপ্ত মজুত আছে, ডিলারদের দাবি- সরবরাহ কম, আর পাম্পগুলোতে গিয়ে দেখা যাচ্ছে, অকটেন পেতে ক্রেতাদের লম্বা লাইন। ইরান যুদ্ধ শুরুর পর জ্বালানি তেল নিয়ে যে অস্থিরতা সৃষ্টি হয়েছিল, তা দূর হয়নি এখনো। তেলের দাম বৃদ্ধি আর অতিরিক্ত ২০ শতাংশ সরবরাহ বৃদ্ধির ঘোষণার পরেও ঢাকায় অকটেনের জন্য এখনো ভোগান্তি কেন, এমন প্রশ্ন উঠেছে। তেলের এই সংকটের নেপথ্যে ক্রেতা, বিক্রেতা ও সরবরাহকারী তিনটি পক্ষের ভূমিকা ও দায় নিয়ে পাল্টাপাল্টি অভিযোগের চক্রে ঘুরপাক খাচ্ছে বাংলাদেশ। অকটেনের সংকট কেন এতটা প্রকট হলো, সেটি খতিয়ে দেখে ত্রিমুখী সমস্যা ধরা পড়েছে। সব পক্ষের সঙ্গে কথা বলে এবং তেলের সরবরাহ ও বিক্রয় তথ্য বিশ্লেষণ করে বোঝা যাচ্ছে, মূলত ভোক্তার আতঙ্ক ও অতিরিক্ত চাহিদা, দ্বিতীয়ত অসাধু ব্যবসা ও মজুতদারি এবং বিপিসির তেল বিক্রয় ব্যবস্থাপনা মিলিয়ে বাংলাদেশে অকটেনের চাহিদা নিয়ে এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ইরান যুদ্ধ শুরুর পর বাংলাদেশে মার্চ মাসে যখন সরকার তেল রেশনিং করার ঘোষণা দেয়, এর পর থেকেই মানুষের মধ্যে আতঙ্ক থেকে তেল কেনার প্রবণতা বেড়ে যায়। নানা পদক্ষেপ নেওয়ার পরেও ভোক্তাদের সেই বাড়তি চাহিদা কমানো সম্ভব হয়নি। এরপর সরকার রেশনিং বন্ধের ঘোষণা দিলেও পাম্পে গিয়ে ক্রেতারা এখনো পূর্ণ চাহিদার তেল পাচ্ছেন না।

**'এত পাম্প বন্ধ কেন?'**

ঢাকা চট্টগ্রাম হাইওয়েতে মঙ্গলবার কথা হয় তেলের জন্য অপেক্ষমাণ মোহাম্মদ সাজ্জাদ হোসেনের সঙ্গে। তিনি বলেন, ”এই মহাসড়কের দুই পাশে অনেকগুলো পাম্প, তার মধ্যে মাত্র দুইটা পাম্পে তেল দিচ্ছে। তার কথায়, ”এত পাম্প বন্ধ কেন? তেল যদি সবখানে থাকে, তাহলে সমস্যা হতো না।„ অকটেনের জন্য পাম্পে পাম্পে ঘুরতে হচ্ছে। ঢাকার আসাদগেটের পাশাপাশি দুটি পাম্পের সামনে বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দীর্ঘ লাইন দেখা যায়। এই পাম্পের একজন কর্মী সোহরাব হোসেন জানান, তিনি ২৯ বছর ধরে পাম্পে কর্মরত। তিনি বলেন, রাতে তেল শেষ হওয়ার পর গাড়ি এলে আবার দেওয়া শুরু হবে। তিনি জানান, ফুয়েল পাস থাকলে মোটরসাইকেলে ১২০০ টাকার তেল দেওয়া হচ্ছে। প্রাইভেটকারে ২০০০ টাকা এবং বড়ো গাড়িতে ৩০০০ টাকার তেল দেওয়া হচ্ছে। ”তেলটা যাতে সবাই পায়, এজন্য রেশনিং করে দিচ্ছি। সব পাম্পে তেলটা যদি পায়, তাহলে এই লাইনটা থাকতো না।„ সোনার বাংলা পাম্পে বুধবার রাত ১০টা থেকে অপেক্ষমাণ হৃদয় নামে একজন চালকের সঙ্গে বৃহস্পতিবার সকালে কথা হয় বিবিসি বাংলার।

সকাল ১০টার দিকে, তখনও ওই পাম্পে তেল না থাকায় সরবরাহ বন্ধ ছিল। তিনি বলেন, সবশেষ ১৫ তারিখে তিনি অকটেন নিয়েছেন। তখন ২০০০ টাকার তেল দেওয়া হয়েছিল। "দাম বাড়ানোর পরেও লাভ হয় নাই। টাকাও বেশি দেওয়া লাগতেছে, সিরিয়ালেও থাকতে হইতেছে।„ তেলের জন্য অপেক্ষমাণ আরেকজন চালক ফিরোজের সন্দেহ, অকটেন সংকটের কারণ হতে পারে সিন্ডিকেট।

মি. ফিরোজের সঙ্গে আলাপে অকটেন সংকটের নেপথ্যে কালোবাজারির দিকটি সামনে আসে। তিনি বলেন, অনেক মোটরসাইকেল ও গ্যাসের গাড়ির চালকদের তেল নিয়ে আবার বিক্রি করার একটা প্রবণতা তার নজরে এসেছে। "হোন্ডা সিরিয়ালে নিয়ে গিয়ে তারা বাইরে বেশি দামে বিক্রি করছে। তাদের কাছ থেকে কিনে নিয়ে বাইরে আবার বেশি দামে বিক্রি করছে, এরকম আছে। আবার দেখছি, গ্যাসের সিলিন্ডারের গাড়ি তেল নিয়ে বাইরে বিক্রি করছে।„ ফিরোজের কথার সত্যতাও রয়েছে। ঢাকার আগারগাঁও এলাকায় গিয়ে গাড়ি থেকে অকটেন নামাতে দেখা গেছে দিনে-দুপুরে। ক্রেতা সেজে জানতে চাইলে বলা হয়, ওই তেল প্রতি লিটারের দাম আড়াইশ টাকা ।

**সরবরাহ কম, মজুতদারি বেশি**

অকটেন সংকটের নেপথ্যে তেলের অসাধু ব্যবসা এবং মজুতদারি একটি চক্র গড়ে উঠেছে এমন অভিযোগ সরকারও করছে। সংকট শুরুর পর গত দেড় মাসে সরকার অভিযান চালিয়ে ৫ লাখ ৭৭ হাজার লিটারে তেল উদ্ধারের তথ্য জানায়, এর মধ্যে অকটেন ৪১ হাজার ৮৪৬ লিটার। তেলের দৈনিক চাহিদার তুলনায় এই উদ্ধার যৎসামান্য হলেও, অবৈধ মজুতদারির একটি প্রবণতা রয়েছে, সেটি বোঝা যায়। তবে মোটরসাইকেল চালকদের সঙ্গে কথা বললে তারা বলেন, ছয় সাত ঘণ্টা অপেক্ষা করে তেল নিয়ে সেই খুব কম লোকেই বিক্রি করে, এটা বাস্তবতা নয়। বাস্তবতা হলো- দেশে অকটেনের সরবরাহ ঘাটতি আছে। তা না হলে পাম্প কেন বন্ধ থাকে, এমন প্রশ্ন তোলেন বাইক চালকরা। অকটেন সংকটের নেপথ্যে সরবরাহ সংকট বা বিক্রয় ব্যবস্থাপনাও দায়ী করাটাও অস্বাভাবিক নয়। এমনকি অকটেনের বিক্রি ও সরবরাহে তথ্য ঘেঁটে সংকটের পেছন সরবরাহ ব্যবস্থার দায়ও নজরে আসে। কারণ আতঙ্কের কারণে বাড়তি চাহিদা তৈরি হলেও, সরকার অকটেন সরবরাহ গত বছরের চাহিদার থেকে খুব বেশি বাড়িয়ে সরবরাহ করেনি। সরকার মজুত নিশ্চিত করতে হিসাব করেই ডিলারদের কাছে অকটেন বিলি বণ্টন করেছে, যাতে সব শেষ না হয়। বিপিসির অকটেন বিক্রয় তথ্য পর্যালোচনা করে দেখা যায়, ২০২৫ সালের এপ্রিল মাসের তুলনায় বিপিসি চলতি এপ্রিল মাসের প্রথম ১৯ দিন দৈনিক গড়ে ৪৩ টন বা ৫৫ হাজার লিটার অকটেন দৈনিক কম বিক্রি করেছে। যদিও মার্চ মাসের তুলনামূলক বিক্রি ২০২৬ সালে গড়ে প্রতিদিন ২৬ টন বা ৩৩ হাজার লিটার বেশি হয়েছে। বিপিসির অন্যতম বিতরণ কোম্পানি যমুনা অয়েলের ফতুল্লা ডিপোর এপ্রিল মাসের ২০ তারিখের একটি তেল বরাদ্দের হিসেবে দেখা যায়, ৭৮টি ডিলার পাম্পের মধ্যে এপ্রিল মাসের প্রথম ১৬ দিনে ২৮টি ডিলারের পাম্প অকটেন বরাদ্দ সারা মাসের মোট বরাদ্দের অর্ধেকের বেশি পেয়েছে।

এপ্রিলের প্রথমার্ধে অতিরিক্ত বরাদ্দ পাওয়া পাম্পের অধিকাংশই ঢাকা এবং ঢাকার আশপাশের জেলার। তবে একই বরাদ্দপত্রে সংকটের একটি দিক হলো- ১০টি ডিলার পাম্প এপ্রিলের প্রথমার্ধে অকটেন এক লিটারও পায়নি। এসব পাম্পের মধ্যে ৯টি হলো ঢাকার বাইরে। সারা দেশে সব পাম্পে অকটেন সরবরাহ না হওয়াটা অকটেন সংকটের একটা অন্যতম কারণ বলেও অনেকে মনে করেন।

**তেল মজুত রাখার পরামর্শ উৎপাদনকারীদের**

এ অবস্থায় সরকারের দাবি, তেল সরবরাহে কোনো ঘাটতি নেই, আর পাম্প মালিকরা বলছেন- তারা পর্যাপ্ত চাহিদার তেল পাচ্ছেন না। এই যে তেল সরবরাহের যে অস্পষ্টতা, এটা সরকারের তথ্য দিয়ে স্পষ্ট করা উচিত বলে মনে করেন ক্যাবের জ্বালানি উপদেষ্টা ড. এম শামসুল আলম। "পেট্রোল পাম্প মালিকরা পারসোনাল লেভেলে বলছে, আমরা তেল পাচ্ছি না। অফিসিয়ালি বলছে, না সাপ্লাই আছে। এই যে তথ্যের যে অস্বচ্ছতা, এই বিষয়টি একমাত্র সরকারই নিশ্চিত করতে পারে যে, তার তথ্যের বিভ্রান্তি বা ভুল কোথায়। পাম্প মালিকরা এক ধরনের কারচুপির আশ্রয় নিচ্ছে, আর বিপিসি সেটা স্পষ্টীকরণ করছে না,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। তিনি আরো বলেন, "সরকার দাবি করেছে, আমাদের তেল আছে। তাহলে যুদ্ধের কারণে আমরা তেল পাচ্ছি না, সেটা সঠিক না। যাদের কারণে আমরা তেল পাচ্ছি না, যাদের দায়িত্ব সরকারের তেল আমার হাতে পৌঁছানো, তারা ফেইল করেছে। তারা কালোবাজারে তেল পাঠাচ্ছে বা তারা তার জন্য দায়ী।„ তেলের দাম বৃদ্ধির পর সরকার প্রতিদিন আরো ২০ শতাংশ অকটেনের সরবরাহ বাড়ানোর নির্দেশনা দেয়। একই নির্দেশনায় দশ শতাংশ পেট্রোল ও দৈনিক দশ শতাংশ ডিজেলের সরবরাহ বাড়ানোর নির্দেশনা দেয় বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনকে।

জ্বালানিমন্ত্রী সংসদে ২২ এপ্রিল জানিয়েছেন, দেশে ২৫ হাজার ৪২৩ টন অকটেনের মজুত রয়েছে। বিপিসি সূত্র জানিয়েছে, বিদেশ থেকে আমদানি করা ২৭ হাজার টন অকটেন নিয়ে একটি জাহাজ বাংলাদেশের জলসীমায় রয়েছে। বাংলাদেশে কিছু অকটেন উৎপাদন করে এবং সংকট মাথায় রেখে অতিরিক্ত আমদানিও করছে। উৎপাদনের ক্ষেত্রে বেসরকারি রিফাইনারি এবং সরকারি রিফাইনারি মিলিয়ে দেশের অকটেনের একটা বড়ো সরবরাহ দেয়।

উৎপাদনকারীরা মার্চ মাসে সরকারের চাহিদামতো তেল দিতে ব্যর্থ হয়। তবে সরকার নতুন আমদানির সাথে উৎপাদনকারীদেরকেও অকটেন মজুত করার নির্দেশনা দেয়।

বেসরকারি একুয়া রিফাইনারির পরিচালক ইরসাদ হোসেন বিবিসি বাংলাকে বলেন, তাদেরও ক্যাপাসিটি বাড়িয়ে তেল মজুত রাখার পরামর্শ দেওয়া হয়েছে। সরকার হয়ত আতঙ্ক থেকে মজুত করতে চাইছে, একটা নির্দিষ্ট সময় পর্যন্ত মজুত সক্ষমতা বাড়িয়ে তারপর সরবরাহের দিকটি চিন্তা করছে, এমনটাই তার ধারণা। ”সরকার বলেছে যে, আপনারা আপনাদের কাছে রাখেন। যদি বেশি থাকে, তাহলে আপনাদের স্টোরে আপনারা রাখতে পারেন। আমাদের যখন দরকার হবে, আমরা আপনাদের বলবো, তখন আপনারা ডেলিভারি দিয়েন। কিন্তু তাদের স্টোরেজ কিন্তু ফুল। ওইটা যখন কমবে, তখন আমাদের কাছ থেকে নেবে ওইভাবে সরকার র‍্যাশনালাইজ করতে চাচ্ছে,„ বলেন তিনি। উৎপাদনকারীদের থেকে আবার মার্চ মাসে সব তেল বিপিসির কাছে দেওয়া হয়নি- এমনটাও অকপটে স্বীকার করেন একুয়া রিফাইনারির পরিচালক। ”মার্চ মাসে আমাদের মধ্যে কয়েকজন ভালো করে ডেলিভারি দেয়নি। সরকার খুব চাচ্ছিল বিকজ অফ দ্য প্রাইস অ্যাডভান্টেজ। এপ্রিলে আমরা যেটা পাচ্ছি, কম করে দিয়েছি। সরকার বলছিল, কেন তোমরা দিচ্ছ না। এপ্রিল মাসে আমরা যা দিতে চাচ্ছি, নিচ্ছে। বেশি দিতে চাইলে সরকার নিচ্ছে না। তারা মনে করছে, সমস্যাটা দীর্ঘমেয়াদি হতে পারে। লং টার্মে পারসিস্ট করতে পারে, তারজন্য সরকার ইজ কেয়ারফুল।„

সবকিছু মিলিয়ে বাড়তি চাহিদা ও জোগান এবং মজুতদারির এই ত্রিমুখী চক্র তেল সংকটে প্রভাব ফেলেছে। কারণ গত বছর সব পাম্পে যে পরিমাণে তেল বিক্রি হয়েছে, এপ্রিল মাসে এ বছর কিছু পাম্প বেশি পেলেও, গড়ে সারা দেশে কম অকটেন বিক্রি হয়েছে। অর্থাৎ, সব জায়গায় সরবরাহ একরকম দেওয়া হয়নি। ফলে চাহিদা বাড়লেও, সরবরাহ ঘাটতি থেকেই গেছে। সরকার তেল যাদের বেশি দিয়েছে, সেইসব পাম্পে অতিরিক্ত গাড়ি গেছে এবং তাদের চাহিদাও বেড়ে গেছে। আবার এপ্রিল মাসের প্রথমার্ধে যে-সব পাম্প বরাদ্দের অর্ধেকের বেশি তেল নিয়েছে, তারা এখন আবার কম তেল পাচ্ছে, তাই সেগুলো দ্রুত ফুরিয়ে যাচ্ছে।

**কী বলছেন জ্বালানিমন্ত্রী**

জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেন, ”অস্বাভাবিকভাবে বায়ার যদি বেড়ে যায়, আমার সাপ্লাই যদি প্রতি পাম্পে যা দরকার তাই দেই, তাহলে তো যেটা পেট্রোল পাম্পে ২৪ ঘণ্টায় দিত, সেটা দুই ঘণ্টায় শেষ হয়ে যাচ্ছে। সেখানে তো নতুন সাপ্লাই দেওয়া হয় না। পরদিন আবার দেওয়া হয়। সেজন্য পেট্রোল পাম্প বন্ধ থাকে।„ তেল সরবরাহ বাড়ানোর তথ্য দিয়ে মন্ত্রী বলেন, ”অকটেনে বাড়াইছি ২০ পার্সেন্ট, টেন পার্সেন্ট ডিজেলে, টেন পার্সেন্ট পেট্রোলে।„ ”প্যানিক পারচেজ ইরান যুদ্ধের পর শুরু হয়েছে। দুই মাস পার হয়েছে। প্যানিক পারচেজ মানে হঠাৎ করে ভয় থেকে মানুষ বেশি কেনে। সে ভয়তো কেটে গেছে। আমরা তো কখনও তেল নাই, সেটা বলি নাই। তেল সব সময় আছে। এখনো আমার কাছে তেল আছে। যে মজুত আছে, সেটা দিয়ে আগামী দেড় মাস আমি চলতে পারবো, অসুবিধা নাই।„ সরকার যদিও বলছে, এখন তেলের জন্য কোনো রেশনিং নাই, সরবরাহ বাড়ানো হয়েছে, যার যতটুকু দরকার, তেল নিতে পারবে। তবে ঢাকা ও ঢাকার বাইরে বেশ কয়েকটি পাম্প ঘুরে দেখা গেছে, প্রাইভেটকারে ২০ লিটার এবং মোটরসাইকেলে পাঁচ লিটার পর্যন্ত অকটেন দেওয়া হচ্ছে। তবে পাম্পকর্মীদের 'উৎকোচ', অর্থাৎ অতিরিক্ত টাকা দিয়ে পাম্পে কেউ কেউ অতিরিক্ত তেল নিতে পারছে।

মন্ত্রী বলছেন, সংকট সমাধানে সবাইকে সচেতন হতে হবে। ”এখানে যদি সবাই মিলে এই সমস্যাটা সমাধান না করি আমরা। আমার তেলের অভাব নাই। আমরা তেল ইমপোর্ট করে আনতেছি। তারপর যদি ব্ল্যাক মার্কেটিং হয়, আর এটা যদি জনগণ সবাই মিলে সচেতন না করি, আমরা তাহলে তো এটা চলতেই থাকবে।„ সার্বিক পরিস্থিতি বিশ্লেষণ করে ভোক্তা সংগঠন ক্যাবের জ্বালানি উপদেষ্টা ড. শামসুল আলম বলেন, পুরা সাপ্লাই চেইনটা এটার উপরে সরকারের কন্ট্রোল নেই। ”এরা সব অকার্যকর। এই সংকটের সময় পেট্রোল পাম্পগুলোর যে ভূমিকা পালন করার কথা- পদ্মা, মেঘনা, যমুনা বিতরণ কোম্পানিগুলোর যে ভূমিকা পালন করার কথা, বিপিসির যে ভূমিকা পালন করা দরকার, তারা সেটি যথাযথভাবে পালন করতে পারছে না।„ পাম্প মালিকদের সংগঠন মনে করে, টানা এক সপ্তাহ দেশের সবগুলো পাম্পে একযোগের সরকার ঘোষিত বাড়তি তেল সরবরাহ করলে এ সংকট আর থাকবে না।

(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৪.২০২৬ আলী আহমেদ)

## লোডশেডিং চলবে কতদিন?

”গরমের মধ্যে যন্ত্রণায় আছি- গভীর রাতেও দুই-তিনবার বিদ্যুৎ যায়, একবার গেলে দেড়-দুই ঘণ্টার কমে আসে না।„ বিবিসি বাংলাকে একথা বলছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশন এলাকার বাসিন্দা নয়ন বড়ুয়া। তার দাবি, চট্টগ্রামের বিভিন্ন এলাকায় প্রতিদিন ছয় থেকে সাত ঘণ্টার মতো লোডশেডিং হচ্ছে। এই অবস্থা দেশের বেশিরভাগ এলাকায়। দিনে-রাতে নিয়ম করে শহর এলাকায় পাঁচ থেকে ছয় ঘণ্টা এবং গ্রামাঞ্চলে সাত থেকে আট ঘণ্টা বিদ্যুৎ থাকছে না বলে জানাচ্ছেন বিদ্যুতের গ্রাহকরা। ”এসএসসি পরীক্ষার মধ্যে এমনিতেই তীব্র গরম, আর সাথে কারেন্ট (বিদ্যুৎ) নাই, সব মিলিয়ে খুবই বাজে অবস্থা,„ বিবিসি বাংলাকে বলেন নেত্রকোণা জেলার কলমাকান্দার বাসিন্দা পলাশ

তালুকদার। মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতির কারণে জ্বালানি সংকট শুরু হওয়ার পর থেকেই দেশে লোডশেডিং একটু একটু করে বেড়েছে। বিশেষ করে, গ্রামাঞ্চলে বিদ্যুৎ বিভ্রাট শুরু হয়েছে আরও আগে থেকেই। কিন্তু গত তিনদিনে গ্রাম-শহর নির্বিশেষে সারা দেশে লোডশেডিং বেড়েছে বলেই তথ্য মিলছে। মূলত, গরমের কারণে বিদ্যুতের চাহিদা বৃদ্ধি এবং বেশ কয়েকটি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের ইউনিটে কারিগরি ত্রুটির কারণে উৎপাদন বন্ধ থাকায় বিদ্যুৎ সরবরাহ কমেছে। বিদ্যুৎ বিভাগের তথ্য অনুযায়ী, সারা দেশে চাহিদা বাড়লেও বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি থাকায় গত বুধ ও বৃহস্পতিবার দুই হাজার মেগাওয়াটের বেশি লোডশেডিং দিতে হয়েছে।

এমনকি বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি তৈরি হওয়ায় বাংলাদেশের রাজধানী ঢাকায় প্রতিদিন অন্তত ১১০ মেগাওয়াট লোডশেডিং দেওয়ার সিদ্ধান্ত বৃহস্পতিবার সংসদে জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। যদিও দুটি বিদ্যুৎকেন্দ্র বন্ধ হয়ে যাওয়া ইউনিউ চালু এবং আদানির বিদ্যুৎ সরবরাহ ঠিক হলে সপ্তাহখানেকের মধ্যে পরিস্থিতি স্বাভাবিক হতে পারে বলে জানিয়েছেন বিদ্যুৎ প্রতিমন্ত্রী। ”আদানি পাওয়ার প্ল্যান্ট আমাদের যা সাপ্লাই করতো, তাদের একটি ইউনিটে সমস্যা হওয়ায় এখন অর্ধেক দিতে পারছে। বাঁশখালীর এসএস পাওয়ারের ক্ষেত্রেও একই অবস্থা। তাদের সবার সঙ্গে আমরা কথা বলেছি। আশা করছি, সপ্তাহ খানেকের মধ্যে পরিস্থিতির উন্নতি হবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**এলাকাভিত্তিক লোডশেডিংয়ে চিত্র**

”সকাল থেকে দুইবার বিদ্যুৎ যায় অন্তত আধা ঘণ্টা করে। দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত তিনবার যায় আরও আধা ঘণ্টা করে। আর সন্ধ্যার পর থেকে ভোর পর্যন্ত তিন থেকে চারবার যায় অন্তত এক ঘণ্টা করে,„ চাঁপাইনবাবগঞ্জ শহরে গেল তিনদিন এভাবেই লোডশেডিং চলছে বলে জানান স্থানীয় গণমাধ্যমকর্মী মোহাম্মদ আসাদ। ওই জেলার গ্রামাঞ্চলে আরও আগে থেকেই লোডশেডিং শুরু হয়েছে বলে বিবিসি বাংলাকে জানান তিনি। জ্বালানি সংকটের পাশাপাশি গ্রামাঞ্চলে তীব্র লোডশেডিংয়ের বিরূপ প্রভাব পড়েছে যশোর জেলার কৃষি কাজে। স্থানীয় গণমাধ্যমকর্মী বুলবুল শহীদ খান বিবিসি বাংলাকে বলেন, ”তেলের দাম বাড়ানোর পর থেকেই যশোরের অধিকাংশ ফিলিং স্টেশন বন্ধ রাখা হয়েছে। কৃষকরা তেল পাচ্ছে না, বিদ্যুৎও ভোগাচ্ছে।„ গ্রাম-শহর, নির্বিশেষে দেশের প্রতিটি এলাকায় কম-বেশি লোডশেডিং হচ্ছে। যার কারণ হিসেবে চাহিদার বিপরীতে উৎপাদন ঘাটতির কথা বলছে বিদ্যুৎ বিভাগ। বাংলাদেশ পাওয়ার গ্রিড কোম্পানির সবশেষ প্রতিবেদন অনুযায়ী, বুধবার দেশে বিদ্যুতের সর্বোচ্চ চাহিদা ছিল ১৬ হাজার ৬৪৭ মেগাওয়াট। যার বিপরীতে ওইদিন বিদ্যুৎ উৎপাদনের সর্বোচ্চ পরিমাণ ১৪ হাজার ৪৬৭ মেগাওয়াট। অর্থাৎ, সরবরাহ ঘাটতি থাকায় সারা দেশে লোডশেডিং দিতে হয়েছে দুই হাজার মেগাওয়াটের বেশি। চাহিদা এবং সরবরাহের হিসেবে বৃহস্পতিবারও তিন হাজার মেগাওয়াটের কাছাকাছি লোডশেডিংয়ের তথ্য জানিয়েছে বিদ্যুৎ বিভাগ।

বাংলাদেশ পাওয়ার গ্রিড কোম্পানির অঞ্চলভিত্তিক তথ্য অনুযায়ী, ঢাকা জোনে সব থেকে বেশি ৬ হাজার ১৭ মেগাওয়াট চাহিদার বিপরীতে ৪৫০ মেগাওয়াট লোডশেডিং দেওয়া হয়েছে। খুলনা জোনে ১ হাজার ৯৭৭ মেগাওয়াট চাহিদার বিপরীতে ৩৮০ মেগাওয়াট, চট্টগ্রামে ১ হাজার ৫৮৮ মেগাওয়াট চাহিদার বিপরীতে ২৫০ মেগাওয়াট, রাজশাহী জোনে ১ হাজার ৮০৮ মেগাওয়াট চাহিদার বিপরীতে ২৮০ মেগাওয়াট লোডশেডিং দেওয়া হয়েছে। এছাড়া, কুমিল্লা জোনে ১ হাজার ৫৭৫ মেগাওয়াট চাহিদার বিপরীতে ২২০ মেগাওয়াট, ময়মনসিংহে ১ হাজার ৭০ মেগাওয়াটের বিপরীতে ১৮০ মেগাওয়াট, সিলেটে ৫৭৬ মেগাওয়াটের বিপরীতে ১০০ মেগাওয়াট, বরিশালে ৪৬৮ মেগাওয়াটের বিপরীতে ৬০ মেগাওয়াট এবং রংপুরে ১ হাজার ২ মেগাওয়াটের বিপরীতে ১৬৬ মেগাওয়াট লোডশেডিং হয়েছে।

**বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি কেন?**

জ্বালানি সংকট শুরু হওয়ার পর থেকেই দেশজুড়ে ধাপে ধাপে লোডশেডিং বেড়েছে। গরমের তীব্রতা বৃদ্ধি আর একাধিক পাওয়ার প্লান্টের ইউনিটে কারিগরি জটিলতা তৈরি হওয়ায় সম্প্রতি পরিস্থিতি আরও অবনতি হয়েছে। সরকারি তথ্য অনুযায়ী, কাগজে-কলমে দেশে বিদ্যুৎ উৎপাদনের মোট সক্ষমতা ৩২ হাজার ৩৩২ মেগাওয়াট, যার মধ্যে গ্রিডভিত্তিক বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা ২৮ হাজার ৯১৯ মেগাওয়াট। কিন্তু এখন পর্যন্ত বাংলাদেশে একদিকে সর্বোচ্চ ১৬ হাজার মেগাওয়াটের কিছু বেশি বিদ্যুৎ উৎপাদন করা সম্ভব হয়েছে। এছাড়া, ভারতের আদানি পাওয়ারের সঙ্গেও ১৬০০ মেগাওয়াট বিদ্যুৎ আমদানির চুক্তি রয়েছে বাংলাদেশের। তাহলে এত উৎপাদন সক্ষমতা থাকার পরও বিদ্যুৎ নিয়ে এই বেহাল দশা কেন? বিদ্যুৎ বিভাগ বলছে, বাংলাদেশের বিদ্যুৎ কেন্দ্রগুলো মূলত গ্যাস ও কয়লা নির্ভর হওয়ায় জ্বালানি সংকটে বর্তমানে দৈনিক বিদ্যুৎ উৎপাদন হচ্ছে ১৪ হাজার মেগাওয়াটের আশপাশে। এছাড়া, আদানির একটি বিদ্যুৎ ইউনিটে কারিগরি সমস্যা তৈরি হওয়ায় সব মিলিয়ে সংকট দেখা দিয়েছে বলেও জানান বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম সচিব উম্মে রেহানা। ”আমাদের বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা অনেক কিন্তু পর্যাপ্ত জ্বালানি সরবরাহ না হওয়ায় বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি তৈরি হয়েছে,„ বলেন তিনি। বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা বিদ্যুৎকেন্দ্র নির্মাণের মধ্যেই সীমাবদ্ধ বলেই মনে করেন জ্বালানি বিশেষজ্ঞরা। তারা বলছেন, জ্বালানির চিন্তা না করে কেবল বিদ্যুৎকেন্দ্র তৈরি ও উৎপাদন সক্ষমতা বাড়িয়েছে বাংলাদেশ। যারা ফলে যখনই জ্বালানির ঘাটতি হয়েছে, তখনই

বিদ্যুৎ নিয়ে এই জটিলতা তৈরি হয়েছে বলে মনে করেন জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক ড. ইজাজ হোসেন। "আপনার গাড়ি আছে, কিন্তু গাড়ি চালানোর তেল নেই, বাংলাদেশের বিদ্যুৎ সেক্টরের বর্তমান অবস্থা ঠিক এমন,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**লোডশেডিং চলবে কতদিন**

তীব্র গরমে লোডশেডিং বেড়ে যাওয়ায় চরম দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ। শিল্প উৎপাদন এবং কৃষি উৎপাদনেও এর বিরূপ প্রভাব পড়তে শুরু করেছে। আর তাই বিদ্যুৎ নিয়ে এমন পরিস্থিতি আরও কতদিন চলবে, এই প্রশ্নই এখন ঘুরেফিরে সামনে আসছে। পরিস্থিতি পুরো ঠিক না হলেও খুব শিগ্গিরই সহনীয় পর্যায়ে আসবে বলেই মনে করছে বিদ্যুৎ বিভাগ। তারা বলছে, ২৬ এপ্রিল থেকে আদানি পাওয়ারের আমদানিকৃত বিদ্যুৎ আবারও পাওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়া, বাঁশখালীর এসএস পাওয়ারের আইপিপি প্ল্যান্ট থেকে ৬৫০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ ২৮ এপ্রিল থেকে স্বাভাবিক হতে পারে। "২৮ এপ্রিল থেকে প্রায় ১৩০০ মেগাওয়াট বিদ্যুৎ আমরা পাবো, যাতে সংকট খানিকটা কমবে। এছাড়া, জ্বালানি সংকটে আরএনপিএন-এর বন্ধ ইউনিটটি চালু হলে সব মিলিয়ে মে মাসের প্রথম সপ্তাহে প্রায় দুই হাজার মেগাওয়াট বিদ্যুৎ দেওয়া সম্ভব হবে,„ বলে জানান যুগ্ম সচিব উম্মে রেহানা। এক সপ্তাহের মধ্যে বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয়ে আসতে পারে বলে মনে করেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত। বিবিসি বাংলাকে তিনি বলছেন, "আদানি পাওয়ার প্ল্যান্ট আমাদেরকে যা সাপ্লাই করতো, তাদের একটি ইউনিটে সমস্যা হওয়ায় এখন অর্ধেক দিতে পারছে, বাঁশখালীর এসএস পাওয়ারের ক্ষেত্রেও একই অবস্থা। তাদের সবার সঙ্গে আমরা কথা বলেছি, আশা করছি, সপ্তাহ খানেকের মধ্যে পরিস্থিতির উন্নতি হবে।„

তবে, মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি চলমান থাকলে এবং বাংলাদেশে জ্বালানি সংকটের এই প্রেক্ষাপট ঠিক না হওয়া পর্যন্ত লোডশেডিং সহ্য করেই চলতে হবে বলে মনে করেন বিশেষজ্ঞদের অনেকে। জ্বালানি বিশেষজ্ঞ ইজাজ হোসেন বলছেন, প্রায় ছয় থেকে সাত হাজার মেগাওয়াটের তেলভিত্তিক বিদ্যুৎ কেন্দ্রগুলো সচল করে এই মুহূর্তে লোডশেডিং কমানো সম্ভব। কিন্তু এক্ষেত্রে প্রতি ইউনিট বিদ্যুতের দাম যত বাড়বে, সেটি বহন করা বাংলাদেশের বর্তমান অর্থনৈতিক বাস্তবতায় কঠিন বলেই মনে করেন মি. হোসেন। তিনি বলছেন, "বর্তমানে প্রায় ৪০ হাজার কোটি টাকা ভর্তুকি দেওয়া হচ্ছে এই খাতে। এবার হয়ত সেটা ৬০ হাজার কোটি টাকা হতে পারে। ফার্নেস অয়েল নির্ভর বিদ্যুৎ কেন্দ্রগুলো থেকে চাইলেই বাড়তি উৎপাদন করা যাবে না।„(বিবিসি ওয়েব পেজ : ২৪.০৪.২০২৬ আলী আহমেদ)

## 'যুদ্ধবিরতি সংক্রান্ত বিষয়' নিয়ে ইরান ও পাকিস্তানের আলোচনা

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য পরবর্তী আলোচনার প্রস্তুতি নিচ্ছে পাকিস্তান। এ নিয়ে তোড়জোড়ের মধ্যেই দেশটির শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে সংঘাত পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। টেলিগ্রামে দেওয়া এক বিবৃতিতে আব্বাস আরাঘচি জানান, তিনি পাকিস্তানের উপ-প্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার এবং পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গে বৈঠক করেছেন। তিনি বলেন, "আঞ্চলিক পরিস্থিতি এবং যুদ্ধবিরতি সংক্রান্ত বিষয়„ নিয়ে আলোচনা হয়েছে। তবে তিনি স্পষ্ট করেননি যে, এটি যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি, নাকি ইসরায়েল-লেবানন যুদ্ধবিরতি, নাকি দুটিই। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য বৈঠকের কথা মাথায় রেখে পাকিস্তানের রাজধানী ইসলামাবাদকে এখনো প্রস্তুত রাখা হয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

## তেহরানের ইমাম খোমেনি বিমানবন্দর থেকে আন্তর্জাতিক ফ্লাইট পুনরায় চালু

ইরানের রাজধানী তেহরানের অন্যতম প্রধান বিমানবন্দর ইমাম খোমেনি বিমানবন্দর থেকে আন্তর্জাতিক ফ্লাইট পুনরায় চালুর কথা জানিয়েছে ইরানিয়ান স্টুডেন্টস নিউজ এজেন্সি। আজ শুক্রবার সংস্থাটি বলেছে, বিমানবন্দরের এক ঘোষণায় জানানো হয়েছে যে, আগামীকাল শনিবার থেকে ওই বিমানবন্দর থেকে ইস্তাম্বুল ও মাস্কাটের ফ্লাইট চালু হবে। মধ্যপ্রাচ্যে যুদ্ধের কারণে টানা কয়েক সপ্তাহ বন্ধ থাকার পর, গত সোমবার ইরানের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ ইমাম খোমেনি বিমানবন্দর ও মেহরাবাদ বিমানবন্দর পুনরায় চালুর ঘোষণা দেয়। সোমবার ইরানের উত্তর পূর্বাঞ্চলের মাশহাদ বিমানবন্দর থেকেও আন্তর্জাতিক ফ্লাইট চালু হয়। গত ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর ইরানে যাত্রীবাহী ফ্লাইট বন্ধ হয়ে যায়।(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

## আমরা ধ্বংস করতে গুলি চালাবো, কোনো দ্বিধা থাকবে না : মার্কিন প্রতিরক্ষামন্ত্রী

মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ বলেছেন, সাম্প্রতিক সময়ে হরমুজ প্রণালিতে যে দুটি জাহাজে ইরান গুলি চালিয়েছে ও জব্দ করেছে, সেগুলো ছিল "সাধারণ জাহাজ„, যুক্তরাষ্ট্র বা ইসরায়েলের না। তিনি বলেন, "একটি স্পিডবোট, একটি বন্দুক আর খারাপ উদ্দেশ্য থাকলে যে কেউ এমনটা করতে পারে।„ হেগসেথ আরও বলেন, চুক্তি নিয়ে যুক্তরাষ্ট্র চিন্তিত না এবং যুক্তরাষ্ট্রের "যতটা সময় দরকার, ততটাই আছে।„ এদিকে, তিনি দাবি করেন, ইরান জানে যে, তাদের এখনও সঠিক সিদ্ধান্ত নেওয়ার সুযোগ আছে। তবে এজন্য তাদেরকে স্পষ্টভাবে এবং প্রমাণসহ পারমাণবিক অস্ত্র কর্মসূচি বন্ধ করতে হবে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মার্কিন নৌবাহিনীকে অনুমতি দিয়েছে যে, দ্রুতগতির কোনো ইরানি নৌযান যদি পানিতে মাইন বসানোর চেষ্টা করে বা হরমুজ প্রণালি দিয়ে যান চলাচলে বাধা সৃষ্টি করে, তাহলে মার্কিন

নৌবাহিনী যেন সেগুলোকে ধ্বংস করে দেয়। এ প্রসঙ্গে হেগসেথ বলেন, ”আমরা ধ্বংস করতে গুলি চালাবো, কোনো দ্বিধা থাকবে না।„(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

**পরস্পরের বিরুদ্ধে যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ হিজবুল্লাহ ও আইডিএফের**

ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী আইডিএফ ও ইরান-সমর্থিত লেবাননের সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহ একে অপরকে যুদ্ধবিরতি লঙ্ঘনের অভিযোগ তুলেছে। এর আগে, আইডিএফ জানায়, লেবানন থেকে ইসরায়েলের দিকে ছোড়া কয়েকটি প্রজেক্টাইল তারা ভূপাতিত করেছে। হিজবুল্লাহও টেলিগ্রামে জানিয়েছে, তারা ইসরায়েলে রকেট হামলা চালিয়েছে। এক্সে দেওয়া এক বিবৃতিতে আইডিএফ দাবি করেছে, তারা তিনজনকে হত্যা করেছে এবং এদের সকলেই ”হিজবুল্লাহ যোদ্ধা„। আইডিএফ বলছে, ওই ব্যক্তিরা ইসরায়েলি বিমান বাহিনীর একটি উড়োজাহাজকে লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছুড়তে গিয়ে ব্যর্থ হয়েছিল। আইডিএফ আরও বলেছে, এর আগেও দুইবার দক্ষিণ লেবাননে আইডিএফ সেনাদের লক্ষ্য করে রকেট নিক্ষেপ করেছে হিজবুল্লাহ। তাদের মতে, হিজবুল্লাহ-এর এসব পদক্ষেপ যুদ্ধবিরতির শর্তের ”স্পষ্ট লঙ্ঘন„। অন্যদিকে, গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় হিজবুল্লাহ জানায়, ইসরায়েল যুদ্ধবিরতি লঙ্ঘন করেছে। তার জবাবে তারাও উত্তর ইসরায়েলে রকেট হামলা চালিয়েছে। লেবাননের রাষ্ট্রীয় বার্তা সংস্থা জানিয়েছে, আজ সকালে দেশটির দক্ষিণাঞ্চলের টাইর এলাকায় ইসরায়েল হামলা চালিয়েছে। প্রসঙ্গত, বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেন, লেবানন ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতির সময়সীমা তিন সপ্তাহ বেড়েছে এবং ”যুক্তরাষ্ট্র লেবাননের সঙ্গে কাজ করবে, যাতে তারা নিজেকে হিজবুল্লাহ থেকে রক্ষা করতে পারে।„

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ এলিনা)

**শুক্রবারই ইসলামাবাদে যাচ্ছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী**

ইরানের সরকার নিশ্চিত করেছে যে, পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি আজ রাতে পাকিস্তানের ইসলামাবাদে সফরে যাচ্ছেন। ইরান সরকারে তরফে এক্স-এ একটি পোস্টে জানানো হয়েছে, তিনি একটি আঞ্চলিক সফরে অংশ নেবেন, যার মধ্যে ওমানের মাসকাট এবং রাশিয়ার মস্কোও রয়েছে। এই সফরে দ্বিপাক্ষিক সম্পর্ক, আঞ্চলিক পরিস্থিতি এবং ইরানে চলমান যুদ্ধের সর্বশেষ অবস্থা নিয়ে আলোচনা হবে। তবে ওই পোস্টে পাকিস্তানে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে সম্ভাব্য কোনো শান্তি আলোচনার কথা উল্লেখ করা হয়নি। এর আগে, ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএ জানিয়েছে, ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি আজ শুক্রবার ইসলামাবাদ, মাস্কাট ও মস্কো সফরে যাচ্ছেন। পাকিস্তান সরকারের কয়েকটি সূত্রও বিবিসিকে জানিয়েছে, আরাঘচির আজ রাতেই ইসলামাবাদে পৌঁছানোর কথা রয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রুবাইয়া)

**চুক্তি হলে ইরানের ওপর নিষেধাজ্ঞা শিথিল করতে প্রস্তুত ইইউ**

মধ্যপ্রাচ্যের বাইরে সাইপ্রাসে মিশর, সিরিয়া ও লেবাননের নেতাদের সঙ্গে বৈঠকে বসেছেন ইউরোপীয় ইউনিয়নের নেতারা। বার্তা সংস্থা রয়টার্সের তথ্য অনুযায়ী, জার্মান চ্যান্সেলর ফ্রিডরিখ মের্ৎস বলেছেন, একটি সমন্বিত বা পূর্ণাঙ্গ চুক্তি হলে ইরানের ওপর থেকে ধাপে ধাপে নিষেধাজ্ঞা শিথিল করে নিতে প্রস্তুত ইউরোপীয় ইউনিয়ন। মের্ৎস বলেন, এটি এমন একটি পদক্ষেপ, যার মাধ্যমে একটি স্থায়ী যুদ্ধবিরতিতে পৌঁছানো সম্ভব। বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, ইউরোপীয় কাউন্সিলের প্রেসিডেন্ট আন্তোনিও কস্তা বলেছেন, কোনো ”বিধিনিষেধ বা শুল্ক ছাড়াই„ ”সারা বিশ্বের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ„ হরমুজ প্রণালি ”দ্রুত„ খুলে দিতে হবে। বৈঠকের আগে ইউরোপীয় ইউনিয়নের পররাষ্ট্রনীতি প্রধান কায়া কাল্লাস সতর্ক করে বলেন, এবারের আলোচনা থেকে যদি ২০১৫ সালের ইরান পারমাণবিক চুক্তির মতো শক্তিশালী কোনো সমঝোতায় না পৌঁছানো যায়, তাহলে বিশ্ব আরও বিপজ্জনক এক ইরানের মুখোমুখি হতে পারে। ডোনাল্ড ট্রাম্প তার প্রথম মেয়াদে ২০১৫ সালের সেই পারমাণবিক চুক্তি থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে নিয়েছিলেন।

(বিবিসি ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রুবাইয়া)

## এনএইচকে

**যুদ্ধবিরতি বাড়াতে সম্মত হয়েছে ইসরায়েল ও লেবানন : ট্রাম্প**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বৃহস্পতিবার বলেছেন যে, ইসরায়েল ও লেবানন গত সপ্তাহে কার্যকর হওয়া যুদ্ধবিরতির মেয়াদ বাড়াতে সম্মত হয়েছে। এটি আরও তিন সপ্তাহ স্থায়ী হবে বলে তিনি উল্লেখ করেন। ট্রাম্প বলেন, ”লেবানন ও ইসরায়েলের উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে আমাদের একটি চমৎকার বৈঠক হয়েছে এবং আমরা মনে করি যে, আগামী কয়েক সপ্তাহের মধ্যে লেবাননের প্রেসিডেন্ট এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী এখানে আসবেন।„ মূল যুদ্ধবিরতিটি ১০ দিন স্থায়ী হওয়ার কথা ছিল। উল্লেখ্য, স্থায়ীভাবে এই সংঘাত বন্ধের আলোচনায় মধ্যস্থতা করছে যুক্তরাষ্ট্র। (এনএইচকে ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

**বায়ুবিদ্যুতে বাংলাদেশের উচ্চাকাঙ্ক্ষা ও মন্থর অগ্রগতি**

বাংলাদেশকে মোট জ্বালানি চাহিদার প্রায় ৯৫ শতাংশই আমদানি করতে হয়। মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরুর পর থেকে জ্বালানির আমদানি কমেছে, দাম বাড়ছে। বায়ু ও সৌরশক্তির মতো নবায়নযোগ্য শক্তির ব্যবহার থাকলে আমদানির্ভরতা কমতো। বাংলাদেশে বৃহত্তম নবায়নযোগ্য শক্তির উৎস সৌরশক্তি। কিন্তু বর্তমানে মোট বিদ্যুতের ৩ শতাংশেরও কম আসে সৌরশক্তি থেকে। বিশেষজ্ঞরা মনে করেন, বাংলাদেশের সৌরশক্তি উৎপাদন ক্ষমতা বাড়ানোর পাশাপাশি বায়ুশক্তিরও উন্নয়ন করা উচিত। তবে সেই লক্ষ্য অর্জন বেশ কঠিন। কারণ, ভারত ও শ্রীলঙ্কার মতো প্রতিবেশী দেশের তুলনায় বাংলাদেশের বায়ুশক্তির সম্ভাবনা অনেক কম। কিন্তু যেহেতু বাংলাদেশের বর্তমান বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার মাত্র ০.২২ শতাংশ এখন বায়ুশক্তি থেকে আসে, তাই এই ক্ষেত্রে সম্প্রসারণের অনেক সুযোগ রয়েছে। ২০১৮ সালের ইউএসএইড এবং যুক্তরাষ্ট্রের ন্যাশনাল রিনিউয়েবল অ্যানার্জি ল্যাবরেটরির করা এক সমীক্ষায় বলা হয়েছে, বাংলাদেশের বর্তমান ৬০ মেগাওয়াট বায়ুবিদ্যুৎ উৎপাদনকে বাড়িয়ে ৩০ হাজার মেগাওয়াট পর্যন্ত করা সম্ভব। ডেভেলপাররা বলছেন, দীর্ঘ উপকূল রেখা এবং বিশাল অফশোর অঞ্চল থাকায় বাংলাদেশে সর্বাধুনিক ও বেশি কার্যকর উইন্ড টারবাইন বেশ উপযোগী। কিন্তু অভ্যন্তরীণ রাজনৈতিক অস্থিরতা এবং জ্ঞানের ঘাটতি এ ক্ষেত্রে অগ্রগতিকে মন্থর করে দিয়েছে। বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের কক্সবাজার শহরের কাছে খুরুশকুলে রয়েছে দেশের প্রথম ইউটিলিটি-স্কেল উইন্ড প্রকল্প। সেখানে প্রকল্প ব্যবস্থাপকের দায়িত্বে আছেন মুকিত আলম খান। তিনি বলেন, ”আমরা যে নতুন টারবাইন প্রযুক্তি ব্যবহার করেছি, তা বাংলাদেশের মতো কম বায়ুপ্রবাহের অঞ্চলেও কার্যকর। এটি দেশের উপকূলীয় ও সামুদ্রিক বায়ুশক্তির বিকাশের পথ প্রশস্ত করছে।

**আইনি বাধা**

গত বছর বেসরকারি নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্রগুলোকে ব্যবসা প্রতিষ্ঠানের কাছে সরাসরি বিদ্যুৎ বিক্রি করার অনুমতি দিয়েছে সরকার। তার আগ পর্যন্ত এমন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলো শুধু রাষ্ট্রীয় মালিকানাধীন বিদ্যুৎ বোর্ডের কাছে বিদ্যুৎ বিক্রি করতে পারতো। বেসরকারি নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্রগুলোর কাছ থেকে বিদ্যুৎ কেনার সুযোগ হওয়ার ফলে, ব্যবসা প্রতিষ্ঠানগুলো নিজেদের প্রতিষ্ঠানের কাছের কোনো নবায়নযোগ্য শক্তির উৎস (যেমন : ছাদের সোলার প্ল্যান্ট)-এর ওপর পুরোপুরি নির্ভর না করে দূরের কোনো সৌর বা বায়ু বিদ্যুৎ খামার থেকেও বিদ্যুৎ ক্রয় করতে পারবে। পোশাক প্রস্তুতকারক প্রতিষ্ঠান ডেনিম এক্সপার্ট-এর পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, ”বাংলাদেশের শিল্পের জন্য, বিশেষ করে কার্বন নিঃসরণ কমানোর জন্য ক্রমবর্ধমান ভোক্তাদের চাপের মুখে থাকা বৃহৎ ও রপ্তানিনির্ভর পোশাক খাতের জন্য এটি যুগান্তকারী পরিবর্তন।„ কিন্তু উপকূলীয় ও নিকটবর্তী সমুদ্র-সংলগ্ন অঞ্চলে বায়ু বিদ্যুৎকেন্দ্র স্থাপনকে সরকার উৎসাহিত করলেও, এ বিষয়ে তেমন কোনো অগ্রগতি দেখা যায়নি। দেশের সবচেয়ে বড়ো বায়ু বিদ্যুৎকেন্দ্রটি কক্সবাজার উপকূলের কাছে। ৫০০ মেগাওয়াটের সেই প্রকল্পটি সরকারের অনুমোদন পেয়েছিল ২০২৩ সালে। দেশের সর্বপ্রথম অফশোর ইউটিলিটি-স্কেল উইন্ড ফার্ম হিসেবে এটিকে গড়ে তোলার দায়িত্ব পেয়েছিল ডেনমার্কের কোপেনহেগেন ইনফ্রাস্ট্রাকচার পার্টনার্স। বিশ্বখ্যাত ফ্যাশন ব্র্যান্ড এইচঅ্যান্ডএম এবং বেস্টসেলার এই প্রকল্পে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করেছিল। কিন্তু ২০২৪ সালের গণ-অভ্যুত্থানে দীর্ঘদিনের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতাচ্যুত হওয়ার পর অন্তর্বর্তী সরকার বিদ্যুৎ খাতের চুক্তিগুলো পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখে এবং অফশোর উইন্ড কনসোর্টিয়ামের অংশীদার বাংলাদেশি জ্বালানি কোম্পানি সামিট গ্রুপের একটি এলএনজি টার্মিনাল প্রকল্প বাতিল করে দেয়। এর ফলে কাজ মন্থর হয়ে যায়। সামিট গ্রুপের জনসংযোগ ব্যবস্থাপক মোহসেনা হাসান বলেন, ”দুর্ভাগ্যজনক ব্যাপার হলো- অন্তর্বর্তী সরকারের নীতিগত অবস্থান পরিবর্তনের কারণে কাজটি এগিয়ে নিয়ে যাওয়া কঠিন হয়ে পড়েছিল।„ ফাস্ট ফ্যাশন জায়ান্ট এইচঅ্যান্ডএম জানিয়েছে, অফশোর উইন্ড প্রকল্পের কাজ আবার শুরু হয়েছে। কোপেনহেগেন ইনফ্রাস্ট্রাকচার পার্টনার্স-এর প্রেস ও মিডিয়া রিলেশনস-এর গ্লোবাল হেড লুইস ওয়েন্ডেলবো এক বিবৃতিতে জানিয়েছেন, প্রকল্প কনসোর্টিয়ামে এখন আর সামিট গ্রুপ নেই।

**প্রকল্প স্থগিত**

বেশ কয়েকটি বায়ুবিদ্যুৎ প্রকল্প এই মুহূর্তে স্থগিত থাকায় কক্সবাজারের কাছের ৬০-মেগাওয়াটের খুরুশকুল উইন্ড ফার্ম এখন দেশের একমাত্র সফল বৃহৎ বাণিজ্যিক বায়ুবিদ্যুৎ প্রকল্প। ডেভেলপাররা বলছেন, দুর্বল লজিস্টিকস, আর্থিক প্রতিবন্ধকতা এবং তথ্যের ঘাটতি বায়ুশক্তির উন্নয়নের অগ্রগতিকে ধীর করে দিচ্ছে। মুকিত আলম খান বলেন, খুরুশকুল উইন্ড ফার্ম সফল হওয়া সত্ত্বেও, অনেক ডেভেলপার সঠিক প্রযুক্তি, উপযুক্ত অর্থায়ন এবং বিমা পেতে হিমশিম খেয়েছে। এছাড়া, লজিস্টিকসের বিষয়টিতেও সমস্যা ছিল। এ সমস্যার একটা দৃষ্টান্ত দিতে গিয়ে তিনি বলেন, ”বাংলাদেশের সড়কপথ দিয়ে ৬০ মিটার লম্বা ব্লেড বা ৯০ মিটার লম্বা টাওয়ার আনা যায় না। আমাদের তো বিশেষভাবে নির্মিত বার্জের মাধ্যমে নদী ও সমুদ্রপথে সেইগুলো পরিবহণ করতে হয়েছিল।„ ইনস্টিটিউট ফর অ্যানার্জি ইকোনমিক্স অ্যান্ড ফাইন্যানশিয়াল অ্যানালাইসিসের শফিকুল আলম বলেন, অফশোর উইন্ডের জন্য বাড়তি সহায়ক অবকাঠামো, যেমন স্টেজিং পোর্ট, হেভি-লিফট ইকুইপমেন্ট, জাহাজ, ট্রান্সমিশন লিঙ্ক এবং শিল্প সহায়তা পরিষেবা প্রয়োজন।„ তিনি মনে করেন, ”বায়ুবিদ্যুৎ সংক্রান্ত তথ্যের বিষয়েও গভীর মনোযোগ দেওয়া প্রয়োজন। ডেনিম এক্সপার্ট-

এর পরিচালক মহিউদ্দিন রুবেল বলেন, ”স্বল্পমেয়াদে ব্যবসার জন্য সস্তা নবায়নযোগ্য উৎস হিসেবে সৌরশক্তির প্রাধান্য থাকলেও, মধ্যম মেয়াদে বায়ুবিদ্যুতের ভালো সম্ভাবনা থাকতে পারে।„ তিনি বলেন, উপকূলীয় পোশাক শিল্প কারখানাগুলো বায়ু বিদ্যুৎ সক্ষমতা থেকে সত্যিকার অর্থেই উপকৃত হতে পারে।„
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রনি)

## পাকিস্তানে সেনা অভিযানে ২২ জন নিহত

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলে সেনাবাহিনীর এক অভিযানে ২২ জন `সন্দেহভাজন জঙ্গি, নিহত হয়েছে বলে সেনাবাহিনীর গণমাধ্যম শাখা জানিয়েছে। আজ শুক্রবার এক বিবৃতিতে বলা হয়, মঙ্গলবার নিরাপত্তা বাহিনী এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলোর এক যৌথ সামরিক অভিযানের সময় `তীব্র গোলাগুলি, হয় এবং এতে ওই জঙ্গিরা নিহত হয়। গোলাগুলির মাঝে পড়ে এক শিশু নিহত হওয়ার কথাও জানানো হয় বিবৃতিতে। বিবৃতি অনুযায়ী, আফগানিস্তান সীমান্তের কাছে খাইবার জেলায় এই গোলাগুলির সময় দশ বছর বয়সি এক শিশু নিহত হয়। এদিকে, শিশুর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ। তার কার্যালয় বিবৃতিতে জানিয়েছে, প্রধানমন্ত্রী ”সন্ত্রাসীদের বিনা উসকানিতে চালানো গুলিতে ১০ বছর বয়সি এক শিশুর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।„
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ২৪.০৪.২০২৬ রনি)

# রেডিও টুডে

## জাতিসংঘ ফোরামে ন্যায্য বৈশ্বিক আর্থিক কাঠামো ও টেকসই এলডিসি উত্তরণের আহ্বান বাংলাদেশের

বৈশ্বিক এসডিজি অর্থায়ন ঘাটতি মোকাবিলা এবং ন্যায্য, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জরুরি ও সমন্বিত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছে বাংলাদেশ। গতকাল জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ইকোসক ফাইন্যান্সিং ফর ডেভেলপমেন্ট ফোরাম-২০২৬ এর সাধারণ বিতর্কে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি সালাহউদ্দিন নোমান চৌধুরী এ আহ্বান জানান। তিনি বলেন, ভূ-রাজনৈতিক সংঘাত, উন্নয়ন সহায়তা কমে যাওয়া, জলবায়ুজনিত অভিঘাত, বাণিজ্য প্রতিবন্ধকতা এবং জ্বালানি খাতের অনিশ্চয়তা উন্নয়নশীল দেশগুলোর নীতিগত পরিসর ক্রমেই সংকুচিত করছে। এ প্রেক্ষাপটে টেকসই ও মসৃণ উত্তরণ নিশ্চিতে এলডিসি থেকে উত্তরণের প্রস্তুতিকাল বাড়ানোর অনুরোধ জানাচ্ছে বাংলাদেশ। দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক পুনরুদ্ধারে সাম্প্রতিক অগ্রগতির কথাও তুলে ধরেন সালাহউদ্দিন নোমান চৌধুরী। তিনি বলেন, বর্তমান সরকার সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা, ব্যবসায়িক আস্থা পুনর্গঠন, ব্যাংকিং খাত শক্তিশালী করা, বিনিয়োগ বৃদ্ধি এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সরাসরি সহায়তা সম্প্রসারণে অগ্রাধিকার দিচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## সার্ককে পুনরুজ্জীবিত করার আহ্বান বাংলাদেশের

দক্ষিণ এশিয়ার ২০০ কোটির বেশি মানুষের কল্যাণে দৃশ্যমান, কার্যকর ও সহনশীল আঞ্চলিক প্ল্যাটফর্ম গড়ে তুলতে সার্ককে পুনরুজ্জীবিত করার ওপর গুরুত্বারোপ করেছে বাংলাদেশ। মালদ্বীপের রাজধানী মালেতে ২২ ও ২৩ এপ্রিল অনুষ্ঠিত সার্ক আন্তঃসরকার বিশেষজ্ঞ দলের দ্বিতীয় বৈঠকে এ আহ্বান জানানো হয়। বৈঠকে `এসডিআর ২০২৫ : শেপিং দ্য ফিউচার টুগেদার ফর আ রেজিলিয়েন্ট সার্ক, শীর্ষক প্রথম সার্ক উন্নয়ন প্রতিবেদন চূড়ান্ত করা হয় বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। মালদ্বীপ সরকার বৈঠকের আয়োজন করে। এতে প্রশাসনিক সহায়তা দেয় সার্ক সচিবালয় এবং আর্থিক ও কারিগরি সহায়তা দেয় এশীয় উন্নয়ন ব্যাংক। মালদ্বীপের অর্থ ও সরকারি উদ্যোগবিষয়ক উপমন্ত্রী আলী রশিদ বৈঠকে সভাপতিত্ব করেন। এতে সার্কভুক্ত দেশগুলোর প্রতিনিধিদল অংশ নেয়। প্রতিনিধিদলে পররাষ্ট্র মন্ত্রণালয় ও উন্নয়ন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ কর্মকর্তারা ছিলেন। প্রতিনিধিরা নিজ নিজ দেশের উন্নয়নসংক্রান্ত দৃষ্টিভঙ্গি ও অগ্রাধিকার তুলে ধরেন। একইসঙ্গে অভিন্ন ঝুঁকি মোকাবিলা, সম্মিলিত সক্ষমতা বৃদ্ধি এবং অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি নিশ্চিত করতে গভীরতর আঞ্চলিক সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। বাংলাদেশের পক্ষে পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের সদস্য ড. মনজুর হোসেন এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের সার্ক ও বিমসটেক অনুবিভাগের মহাপরিচালক ও সার্কের জাতীয় ফোকাল পয়েন্ট এস এম মাহবুবুল আলম বৈঠকে অংশ নেন। আলোচনায় বাংলাদেশ সার্ক প্রক্রিয়াকে পুনরুজ্জীবিত করার বিষয়ে জোরালো গুরুত্বারোপ করে। অন্যান্য সদস্য রাষ্ট্রও একটি দৃশ্যমান, কার্যকর ও সহনশীল আঞ্চলিক সংস্থার পক্ষে একই ধরনের মতামত ব্যক্ত করে।
(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## বিরোধীরা অরাজকতা করলে রাজপথে মোকাবিলার হুঁশিয়ারি বিএনপির

আওয়ামী শাসনামলের দমন-পীড়ন মোকাবিলা করে টিকে থাকা বিএনপি এখন নয়াপল্টন কার্যালয়ে সাংগঠনিক পুনর্গঠন আর রাষ্ট্র মেরামতের কাজে ব্যস্ত। বিশেষ দিবসকেন্দ্রিক কিছু আয়োজন ছাড়া দলীয় কার্যালয়ে বর্তমানে আগের মতো রাজনৈতিক উত্তাপের চেয়ে গঠনমূলক কর্মকাণ্ডের নীরবতাই বেশি দেখা যাচ্ছে। ত্রয়োদশ জাতীয় সংসদের শুরু থেকেই আলোচনার মূল কেন্দ্রে রয়েছে জুলাই জাতীয় সনদ। এই সনদ বাস্তবায়নে বিএনপির প্রস্তাব

হলো- সংস্কার পরিষদের পরিবর্তে একটি `বিশেষ কমিটি, গঠনের মাধ্যমে এই বিষয়টির সুরাহা করা হোক। তবে বিএনপির এই প্রস্তাবে বিরোধী জোটের সায় না থাকায় মতভেদ এখন রাজপথে গড়িয়েছে। সরকারের স্বল্প সময়ের মাথায় বিরোধীদের এমন তৎপরতাকে উদ্দেশ্যমূলক হিসেবে দেখছেন বিএনপির যুগ্ম মহাসচিব আব্দুস সালাম আজাদ। তিনি প্রশ্ন তুলেছেন, গণতন্ত্র পুনরুদ্ধারের পথে বাধা সৃষ্টি করে যদি কেউ অরাজকতা তৈরি করে, তবে জনগণের স্বার্থে বিএনপি রাজপথে অবস্থান নিতে দ্বিধা করবে না। বিএনপির রাজশাহী বিভাগীয় সাংগঠনিক সম্পাদক শাহীন শওকত মনে করেন, সংসদীয় রাজনীতিতে যে-কোনো মতানৈক্য সংসদের ভেতরেই বিতর্ক বা আলোচনার মাধ্যমে সমাধান করা উচিত। রাজপথে এ নিয়ে বিশৃঙ্খলা তৈরির কোনো যৌক্তিকতা নেই। একই সুরে কথা বলেছেন, দলের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট জয়নাল আবেদীন। তিনি বলেন, জুলাই সনদ বাস্তবায়নের জন্য নির্ধারিত আইনি প্রক্রিয়া ও সংবিধান সংশোধনের ধাপগুলো অনুসরণ করতে হবে। সংসদের কাজ রাজপথে টেনে আনার বিরোধিতা করে তিনি সংসদীয় বিতর্কের মাধ্যমেই সংকট সমাধানের ওপর গুরুত্বারোপ করেন। আপাতত বিএনপির প্রধান লক্ষ্য, দ্বিমুখী- একদিকে রাষ্ট্রীয় কাঠামো সংস্কারে সরকারকে সহযোগিতা করা এবং অন্যদিকে দলের সাংগঠনিক শক্তি বৃদ্ধি করা। তবে বিরোধীদের কর্মকাণ্ডের ওপর কড়া নজর রাখছে দলটি, যাতে আন্দোলনের নামে সাধারণ মানুষের জানমালের কোনো ক্ষতি না হয়। বিএনপি নেতারা মনে করছেন, সংসদকে পাশ কাটিয়ে রাজপথের সংঘাত কেবল রাজনৈতিক সংকটকেই ঘনীভূত করবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## দেশে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩৫.১২ বিলিয়ন মার্কিন ডলার

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বর্তমানে ৩৫.১২ বিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশ ব্যাংকের প্রকাশিত সর্বশেষ পরিসংখ্যানে এ তথ্য উঠে এসেছে। কেন্দ্রীয় ব্যাংক আরও জানায়, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের হিসাব পদ্ধতি `বিপিএম-৬, অনুযায়ী, বাংলাদেশে বর্তমান রিজার্ভের পরিমাণ ৩০.৪৮ বিলিয়ন মার্কিন ডলার। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## ২১ জেলায় বইছে মৃদু তাপপ্রবাহ, গরম আরো বাড়বে

সারা দেশে ২১ জেলার ওপর দিয়ে তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। সংস্থাটি জানিয়েছে, সারা দেশে দিনের তাপমাত্রা বাড়তে পারে বলেও পূর্বাভাস দিয়েছে সংস্থাটি। শুক্রবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, ফেনী, লক্ষ্মীপুর, রাঙামাটি, বান্দরবান ও পটুয়াখালী জেলাসহ খুলনা বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এ ছাড়া সারা দেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে ও রাতে প্রায় অপরিবর্তিত থাকতে পারে। এদিকে, বৃষ্টি নিয়ে পূর্বাভাসে বলা হয়েছে, লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ হতে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে- এমন অবস্থায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলাবৃষ্টি হতে পারে। এছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিকে, গত ২৪ ঘণ্টায় দেশের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যশোরে ৩৮ ডিগ্রি সেলসিয়াস। এ সময় সর্বোচ্চ বৃষ্টিপাত হয়েছে কুড়িগ্রামের রাজারহাটে ৩২ মিলিমিটার। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## সেন্টমার্টিন নিয়ে অন্তর্বর্তী সরকারের সিদ্ধান্তই বহাল থাকছে

বছরে ৩ মাস পর্যটকদের জন্য সেন্টমার্টিন দ্বীপ খোলা থাকবে- অন্তর্বর্তীকালীন সরকারের এমন সিদ্ধান্তই বহাল রাখবে নির্বাচিত সরকার। তিন মাসের অধিক সময় পর্যটন চালু থাকলে সেন্টমার্টিন দ্বীপের অস্তিত্ব বিপন্ন হবে বলে মনে করছে সরকার। ডয়চে ভেলেকে দেওয়া এক সাক্ষাৎকারে এসব তথ্য জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী আব্দুল আউয়াল মিন্টু। ডয়চে ভেলের প্রশ্নের জবাবে লিখিত উত্তর দিয়েছেন পরিবেশমন্ত্রী। তিনি বলেন, সরেজমিন বিজ্ঞানভিত্তিক গবেষণা করে দেখা গেছে, ৯ মাস পর্যটন বন্ধ রাখার কারণে সেন্টমার্টিন দ্বীপের পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্যের অবস্থার উন্নয়ন ঘটেছে। দীর্ঘ প্রায় সাত বছর ধরে সংশ্লিষ্ট সব সংস্থার সঙ্গে আলোচনা ও পরামর্শের ধারাবাহিকতায় সরকার ২০২৪ সালে সেন্টমার্টিন দ্বীপের পর্যটন নিয়ন্ত্রণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছিল। অন্তর্বর্তী সরকারের সময়ে নেওয়া সিদ্ধান্ত অনুযায়ী, বছরে ৯ মাস সেন্টমার্টিন দ্বীপে পর্যটক ভ্রমণে নিষেধাজ্ঞা রয়েছে। ২০২৪ সালের অক্টোবরে অন্তর্বর্তী সরকার সেখানে গমনাগমনে কড়াকড়ি আরোপ করে। বছরে ৩ মাস পর্যটকদের জন্য উন্মুক্ত রাখা হয় দ্বীপ। প্রতিদিন অনধিক দুই হাজার পর্যটককে নভেম্বর থেকে জানুয়ারি পর্যন্ত সেন্টমার্টিন ভ্রমণের অনুমতি দেওয়া হয়। এই সিদ্ধান্তের ধারাবাহিকতা অব্যাহত রাখা প্রয়োজন উল্লেখ করে মিন্টু বলেন, তিন মাসের অধিক সময় পর্যটন চালু থাকলে, সেন্টমার্টিন দ্বীপের অস্তিত্ব বিপন্ন হবে। সুতরাং উন্মুক্ত সাগরের বুকে বাংলাদেশের একমাত্র কোরাল বা প্রবাল সংশ্লিষ্ট স্থান, বাংলাদেশের প্রাকৃতিক ঐতিহ্য ও আমাদের গর্বের

সেন্টমার্টিন দ্বীপের অস্তিত্ব টিকিয়ে রাখার লক্ষ্যে সেন্টমার্টিন দ্বীপে পর্যটন নিয়ন্ত্রণের এই ব্যবস্থা আমাদের চালু রাখতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## হামের উচ্চ ঝুঁকিতে বাংলাদেশ : বিশ্ব স্বাস্থ্য সংস্থা

হাম পরিস্থিতি নিয়ে উদ্বেগ জানিয়ে বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলেছে, বাংলাদেশে ‵উচ্চ ঝুঁকিপূর্ণ, অবস্থায় রয়েছে। বাংলাদেশের ৬৪ জেলার মধ্যে ৫৮ জেলায় সংক্রমণ ছড়িয়েছে। বিশালসংখ্যক শিশু আক্রান্ত, টিকাদানের অভাব, হামের উপসর্গ নিয়ে মৃত্যুতে সংস্থাটির গতকাল বৃহস্পতিবার প্রকাশিত প্রতিবেদনে এ মূল্যায়ন করা হয়। ২০২৬ সালের ৪ এপ্রিল বাংলাদেশ বিশ্ব স্বাস্থ্য সংস্থাকে জানায়, দেশে চলমান সংক্রমণের কারণে হাম রোগীর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। রোগীর সংখ্যা স্পষ্টভাবে বাড়ছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাবেক পরামর্শক ডা. মুশতাক হোসেন একটি দৈনিককে বলেন, ”সংক্রমণ পরিস্থিতি বাড়তে থাকায় আমরা বলেছিলাম, হামকে জরুরি স্বাস্থ্য পরিস্থিতি ঘোষণা করা হোক। এখন সরকারের উচিত, জরুরি পরিস্থিতি ঘোষণা করা এবং টিকাদান এগিয়ে নিয়ে যাওয়া।„ বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিবেদন মতে, ১৫ মার্চ থেকে ১৪ এপ্রিল পর্যন্ত দেশে মোট ১৯ হাজার ১৬১ সন্দেহজনক হাম রোগীর তথ্য পাওয়া গেছে। একই সময়ে নিশ্চিত রোগী পাওয়া গেছে ২ হাজার ৮৯৭। তবে, পরিস্থিতির বিস্তারিত বিবরণে পরীক্ষাগারে নিশ্চিত রোগীর সংখ্যা ২ হাজার ৯৭৩ উল্লেখ করা হয়েছে। এ সময় হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ১৬৬ জনের। মৃত্যুহার বা সিএফআর শূন্য দশমিক ৯ শতাংশ। পরীক্ষাগারে নিশ্চিত হাম-সম্পর্কিত মৃত্যু হয়েছে ৩০ জনের। এক্ষেত্রে মৃত্যুহার ১ দশমিক ১ শতাংশ। প্রতিবেদন অনুযায়ী, এ সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১২ হাজার ৩১৮ জন। হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে ৯ হাজার ৭৭২ জন। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## আকস্মিক বন্যার শঙ্কায় পানি উন্নয়ন বোর্ডের সতর্কতা জারি

সুনামগঞ্জে আগামী কয়েক দিনের ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাসে আকস্মিক বন্যার আশঙ্কা দেখা দিয়েছে। এ পরিস্থিতিতে হাওর অঞ্চলে সতর্কতা জারি করেছে পানি উন্নয়ন বোর্ড। শুক্রবার দুপুরে সুনামগঞ্জ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মামুন হাওলাদার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও বৈশ্বিক আবহাওয়া সংস্থাগুলোর ২৩ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত পূর্বাভাস অনুযায়ী, উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকা ও উজানে স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হতে পারে। পূর্বাভাস অনুযায়ী, ২৪ থেকে ২৬ এপ্রিল হালকা থেকে মাঝারি, ২৭ এপ্রিল মাঝারি থেকে ভারী এবং ২৮ থেকে ৩০ এপ্রিল ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এতে সুরমা-কুশিয়ারা, ধনু-বাউলাই ও ভুগাই-কংসসহ প্রধান নদীগুলোর পানি সমতল বাড়তে পারে এবং ২৮ এপ্রিলের পর কোথাও কোথাও বিপৎসীমা অতিক্রম করতে পারে। বর্তমানে সুনামগঞ্জ শহরের ষোলঘর পয়েন্টে সুরমা নদীর পানি বিপৎসীমার ১ দশমিক ৭৬ মিটার নিচে রয়েছে। তবে, টানা বৃষ্টিপাতে পরিস্থিতির অবনতি হয়ে আকস্মিক বন্যা দেখা দিতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এ অবস্থায় হাওর এলাকার বোরো ধানের ক্ষয়ক্ষতি এড়াতে কৃষকদের প্রতি আহ্বান জানানো হয়েছে। যে-সব জমির ধান প্রায় ৮০ শতাংশ পেকে গেছে, সেগুলো দ্রুত কেটে ফেলার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছে পানি উন্নয়ন বোর্ড।

(রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## ঘরে ঢুকে এসএসসি পরীক্ষার্থীকে কুপিয়ে হত্যা

ঢাকার ধামরাইয়ে নাহিদা আক্তার নামের এক এসএসসি পরীক্ষার্থীকে ঘরের ভেতর গলা কেটে ও কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। নিহত নাহিদার মরদেহ শুক্রবার সকালে ময়নাতদন্তের জন্য ঢাকার শহিদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠিয়েছে পুলিশ। বৃহস্পতিবার বিকেলের দিকে তাকে গলা কেটে ও কুপিয়ে হত্যা করা হয় বলে জানা পরিবার সূত্রে জানা গেছে। এ ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ শামীম হোসেন নামে এক ব্যক্তিকে আটক করেছে। শামীম পেশায় রাজমিস্ত্রি। তিনি নিহত নাহিদার পাশের কক্ষে স্ত্রী নিয়ে ভাড়া থাকেন। নাহিদা ধামরাই সেন্ট্রাল স্কুলের বাণিজ্য বিভাগ থেকে এবারের এসএসসি পরীক্ষা দিচ্ছিলেন। নিহতের মা, লিজা আক্তার সৌদি প্রবাসী আর তার বাবা ঝালকাঠির নলছিটি উপজেলা এলাকায় থাকেন। নাহিদা তার নানি দেলুয়ারা বেগমকে নিয়ে ধামরাই পৌরসভার পশ্চিম লাকুরিয়াপাড়ার দুবাই প্রবাসী হিমেলের বাসায় দুটি কক্ষ নিয়ে ভাড়া থাকতেন। পুলিশ ও নিহতের স্বজনরা জানায়, নাহিদা বৃহস্পতিবার এসএসসি পরীক্ষা শেষে দেড়টার দিকে বাসায় ফেরেন। বিকেলে সোয়া ৪টার দিকে তার নানি দুধ আনার জন্য বাইরে যান। সন্ধ্যা সোয়া ৬টার দিকে বাসায় ফিরে দেখেন, মেঝেতে গলা কাটা অবস্থায় নাহিদার নিথর দেহ পড়ে আছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## মজুত আছে, তবু অকটেন পাচ্ছে না কেন মানুষ?

তেলের জন্য পাম্পের সামনে দীর্ঘ অপেক্ষা আর ভোগান্তি যেন শেষই হচ্ছে না। সরকার বলছে, তেলের পর্যাপ্ত মজুত আছে, ডিলারদের দাবি- সরবরাহ কম, আর পাম্পগুলোতে গিয়ে দেখা যাচ্ছে, অকটেন পেতে ক্রেতাদের লম্বা লাইন। ইরান যুদ্ধ শুরুর পর জ্বালানি তেল নিয়ে যে অস্থিরতা সৃষ্টি হয়েছিল, তা দূর হয়নি এখনো। তেলের দাম বৃদ্ধি আর

অতিরিক্ত ২০ শতাংশ সরবরাহ বৃদ্ধির ঘোষণার পরেও, ঢাকায় অকটেনের জন্য এখনো ভোগান্তি কেন, এমন প্রশ্ন উঠেছে। তেলের এই সংকটের নেপথ্যে ক্রেতা, বিক্রেতা ও সরবরাহকারী তিনটি পক্ষের ভূমিকা ও দায় নিয়ে পাল্টাপাল্টি অভিযোগের চক্রে ঘুরপাক খাচ্ছে বাংলাদেশ। অকটেনের সংকট কেন এতটা প্রকট হলো, সেটি খতিয়ে দেখে ত্রিমুখী সমস্যা ধরা পড়েছে। সব পক্ষের সঙ্গে কথা বলে এবং তেলের সরবরাহ ও বিক্রয় তথ্য বিশ্লেষণ করে বোঝা যাচ্ছে, মূলত ভোক্তাদের আতঙ্ক ও অতিরিক্ত চাহিদা, দ্বিতীয়ত মজুতদারি ও কালোবাজারে বিক্রি এবং তৃতীয়ত, বিপিসির তেল বিক্রয় ব্যবস্থাপনা মিলিয়ে বাংলাদেশে অকটেন নিয়ে এমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে। ইরান যুদ্ধ শুরুর পর বাংলাদেশে মার্চ মাসে যখন সরকার তেল রেশনিং করার ঘোষণা দেয়, এর পর থেকেই মানুষের মধ্যে আতঙ্ক থেকে তেল কেনার প্রবণতা বেড়ে যায়। নানা পদক্ষেপ নেওয়ার পরেও, ভোক্তাদের সেই বাড়তি চাহিদা কমানো সম্ভব হয়নি। এরপর সরকার রেশনিং বন্ধের ঘোষণা দিলেও, পাম্পে গিয়ে ক্রেতারা এখনো পূর্ণ চাহিদার তেল পাচ্ছেন না। (রেডিও টুডে ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ আসাদ)

## জাগো নিউজ

### লামায় অপহৃত ৬ রাবার শ্রমিককে উদ্ধার করলো সেনাবাহিনী

বান্দরবানের লামায় অপহৃত ৬ রাবার বাগান শ্রমিককে অভিযান চালিয়ে উদ্ধার করেছে বাংলাদেশ সেনাবাহিনী। শুক্রবার (২৪ এপ্রিল) দুপুরে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। জানা গেছে, বুধবার (২২ এপ্রিল) রাত সাড়ে ১১টার দিকে উপজেলার টংকাবতি ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের হাতিরডেরা এলাকার রাবার বাগান থেকে শ্রমিকদের অপহরণ করে নিয়ে যাওয়া হয়। অপহৃতরা হলেন- নুরুল আফসার (১৯), মো. আরাফাত (২২), ইসমাইল (২৪), করিম উল্ল্যাহ (২৬), রমিত (২৯) ও সাকিব (১৮)। তারা সবাই লামা উপজেলা ফাঁসিয়াখালী ইউনিয়নের বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা যায়, দীর্ঘদিন ধরে এই শ্রমিকরা ইসমাইলের রাবার বাগানে কাজ করে আসছিলেন। প্রতিদিনের মতো গতকালও কাজ শেষে শ্রমিকরা বাগান ঘরে অবস্থান করছিলেন। হঠাৎ রাত সাড়ে ১১টার দিকে অস্ত্র ও মুখোশ পরিহিত অবস্থায় এসে মারধর করে তাদেরকে চোখ বেঁধে অপহরণ করে নিয়ে যায়। পরে বাগান মালিক ইসমাইলের কাছ থেকে তাদের মুক্তিপণ বাবদ ২০ লাখ টাকা দাবি করে। রাবার বাগানের মালিক ইসমাইল বলেন, রাতে শ্রমিকদের অপহরণের পর অপহরণকারীরা মুক্তিপণ বাবদ ২০ লাখ টাকা দাবি করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

### ১৩ বছর ধরে মামলা-বিচার আটকে আছে সাক্ষ্যগ্রহণে

২০১৩ সালের ২৪ এপ্রিল। বাংলাদেশের ইতিহাসে একটি ভয়াবহ শিল্প বিপর্যয়ের দিন। সাভারে সেদিন আটতলা ভবন ধসে নিহত হন সহস্রাধিক পোশাক শ্রমিক। আহত হন দুই হাজারের বেশি। এ ঘটনার একযুগ পেরিয়ে গেলেও, শেষ হয়নি মামলাগুলোর বিচার। অধিকাংশই আটকে আছে সাক্ষ্যগ্রহণ পর্যায়ে। আদালত সূত্রে জানা যায়, ২০১৩ সালের ২৪ এপ্রিল ঢাকার সাভারের রানা প্লাজা ধসের ভয়াবহ ঘটনায় ১ হাজার ১৩৬ জন পোশাক শ্রমিক নিহত এবং প্রায় এক হাজার আহত হন। এ ঘটনায় ওই বছরের ২৫ এপ্রিল সাভার থানায় দায়ের করা মামলায় তদন্ত শেষে ২০১৫ সালের ২৪ মে বাংলাদেশ পুলিশের অপরাধ তদন্ত বিভাগ বা ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি) ভবন মালিক সোহেল রানাসহ ৪১ জনকে আসামি করে চার্জশিট দাখিল করে। বর্তমানে ৩৮ জন আসামির মধ্যে সোহেল রানা কারাগারে, ১৩ জন পলাতক এবং বাকিরা জামিনে আছেন। হত্যা মামলায় মোট ৫৯৪ জন সাক্ষীর মধ্যে এখন পর্যন্ত ১৪৫ জনের সাক্ষ্যগ্রহণ সম্পন্ন হয়েছে, যা মাত্র ২৪ দশমিক ৪১ শতাংশ। দীর্ঘ সময় উচ্চ আদালতের স্থগিতাদেশ ও সাক্ষী সংকটের কারণে বিচার কার্যক্রম বারবার পিছিয়েছে। একই ঘটনায় ইমারত নির্মাণ আইন লঙ্ঘন ও দুর্নীতিসহ একাধিক মামলার মধ্যে কেবল দুদকের একটি মামলার রায় হয়েছে, যেখানে অভিযুক্ত সোহেল রানার তিন বছর এবং তার মায়ের ছয় বছরের কারাদণ্ড হয়। অন্য মামলাগুলো এখনো বিচারাধীন। বর্তমানে হত্যা মামলাটি ঢাকার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে চলমান। রাষ্ট্রপক্ষ আশা করছে, চলতি বছরেই সাক্ষ্যগ্রহণ শেষ করে রায় দেওয়া সম্ভব হবে। তবে দীর্ঘসূত্রতার কারণে আসামিপক্ষ ন্যায়বিচার নিয়ে প্রশ্ন তুললেও, ভুক্তভোগীরা এখনো ন্যায়বিচার ও ক্ষতিপূরণের অপেক্ষায় আছেন। ফলে ১৩ বছরেও রানা প্লাজা ট্র্যাজেডির বিচার অনিশ্চয়তার মধ্যেই রয়ে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

### শিবিরকে যারা গুপ্ত বলে তারাই ১৭ বছর বিদেশে লুকিয়ে ছিল : গোলাম পরওয়ার

জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, আজকে যারা জামায়াত-শিবিরকে গুপ্ত বলে, ১৭ বছর তারাই বিদেশে লুকিয়ে ছিল। অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদে বিএনপির গুপ্ত উপদেষ্টারা ছিল। যারা এই সরকারের মন্ত্রী হয়েছে। কাজেই জনগণ জানে, আসল গুপ্ত কারা। শুক্রবার (২৪ এপ্রিল) দুপুরে শহরের একটি পার্কের মিলনায়তনে ঝিনাইদহ জেলা জামায়াত আয়োজিত ওয়ার্ড সভাপতি সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সরকারের সমালোচনা করে মিয়া গোলাম পরওয়ার বলেন, দেশের মানুষ বারবার রক্ত

দিয়েছে। আমরা আর রক্ত দিতে চাই না। এই সরকার কর্তৃত্ববাদী, ফ্যাসিবাদী শাসনের পথে ফিরে যাওয়ার কাজ শুরু করেছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছাত্রদলের নেতা-কর্মীদের হায়নার মতো লেলিয়ে দেওয়া হচ্ছে। জনগণ কর্তৃত্ববাদী শাসন আর মেনে নেবে না। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## শাহবাগে সাংবাদিকদের পিটুনি, দুঃখপ্রকাশ করলো ছাত্রদল

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস সংলগ্ন শাহবাগ থানায় একটি ফেসবুক পোস্টকে কেন্দ্র করে সৃষ্ট উত্তেজনাকর পরিস্থিতির মধ্যে সংবাদ সংগ্রহ করতে গিয়ে কয়েকজন সাংবাদিক আহত হয়েছেন। এ ঘটনায় দুঃখপ্রকাশ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসির উদ্দিন নাসির। শুক্রবার (২৪ এপ্রিল) নাসির উদ্দিন নাসির তার ফেসবুক পোস্টে জানান, "গতকাল শাহবাগ এলাকায় প্রকাশ্য ও গুপ্ত শিবিরের নেতা-কর্মীদের সৃষ্ট মব এবং ছাত্রদলের বিক্ষুব্ধ নেতা-কর্মীদের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতি তৈরি হয়। এ সময় দায়িত্ব পালন করতে গিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির কয়েকজন সদস্য আহত হন।„ তিনি বলেন, "আমি জাতীয়তাবাদী ছাত্রদলের পক্ষ থেকে আন্তরিকভাবে দুঃখপ্রকাশ করছি। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল সাংবাদিকদের সুরক্ষা ও গণমাধ্যমের অবাধ স্বাধীনতায় বিশ্বাসী।„ ছাত্রদলের এই নেতা আরও উল্লেখ করেন, ফ্যাসিবাদের বিরুদ্ধে আন্দোলনে সাংবাদিক সমিতির ভূমিকা ছিল অসামান্য। ভবিষ্যতে কোনো সাংবাদিক যাতে পেশাগত দায়িত্ব পালন করতে গিয়ে হয়রানির শিকার না হন, সে প্রত্যাশাও ব্যক্ত করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## সাংবাদিকদের ওপর হামলাকারীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার দাবি ডুজার

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) সাংবাদিকদের ওপর হামলাকারী ছাত্রদল নেতাদের বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কার ও সনদ বাতিলের দাবিতে বিশ্ববিদ্যালয় উপাচার্য (ভিসি) বরাবর অভিযোগপত্র জমা দিয়েছে ঢাবি সাংবাদিক সমিতি (ডুজা)। শুক্রবার (২৪ এপ্রিল) দুপুর সাড়ে ১২টায় উপাচার্য অফিস সংলগ্ন আব্দুল মতিন ভার্চুয়াল ক্লাসরুমে অভিযোগপত্র জমা দেন তারা। অভিযোগপত্রে মোট ১২ জন হামলাকারীর নাম, বিভাগ, শিক্ষাবর্ষ, আবাসিক হল, রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করা হয়েছিল। আজ শুক্রবার বিকেলের মধ্যে হামলাকারীদের বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের আলটিমেটাম দেন সাংবাদিকরা। সাংবাদিক সমিতির দাবিগুলো হলো :

১. হামলায় জড়িত শিক্ষার্থীদের অবিলম্বে বহিষ্কার করতে হবে এবং তদন্ত সাপেক্ষে তাদের স্থায়ী বহিষ্কার নিশ্চিত করতে হবে।

২. যে-সব হামলাকারীর ছাত্রত্ব শেষ হয়েছে (স্নাতক বা স্নাতকোত্তর সম্পন্ন) তদন্তসাপেক্ষে তাদের সনদপত্র বাতিল করতে হবে।

৩. উল্লিখিতদের বাইরে হামলায় আরও বেশ কয়েকজন জড়িত ছিল। তাদের পরিচয় শনাক্ত করে, তাদেরও বিশ্ববিদ্যালয় থেকে স্থায়ী বহিষ্কার করতে হবে। এ সময় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম সাংবাদিকদের বলেন, আমি এই ঘটনার জন্য আপনাদের কাছে দুঃখ প্রকাশ করছি। যারা এই ঘটনার সঙ্গে জড়িত, তাদের বিরুদ্ধে আমরা পদক্ষেপ নিচ্ছি। তাৎক্ষণিকভাবে দুইটা কমিটি হয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী পদক্ষেপ নেব। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## শনিবার থেকে দুই বিভাগে অতিভারী বর্ষণের আভাস

দেশের দুই বিভাগে ভারী থেকে অতিভারী বর্ষণের আভাস দিয়েছে আবহাওয়া অফিস। শুক্রবার (২৪ এপ্রিল) ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তায় এ তথ্য জানানো হয়েছে। সতর্কবার্তায় বলা হয়, দেশের উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চালনশীল মেঘমালা তৈরি হচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এর প্রভাবে শনিবার (২৫ এপ্রিল) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ৯৬ ঘণ্টায় ময়মনসিংহ ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতিভারী বর্ষণ হতে পারে। ভারী থেকে অতিভারী বর্ষণের কারণে ময়মনসিংহ ও সিলেট মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতা তৈরি হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## সরকারের ঋণের বোঝা ও জ্বালানির মূল্যবৃদ্ধি জনজীবনে প্রভাব ফেলবে

বর্তমান সরকারের ঋণের বোঝা ও জ্বালালি তেলের মূল্যবৃদ্ধি জনজীবনে প্রভাব ফেলবে বলে মন্তব্য করেছেন, বাংলাদেশ কংগ্রেসের চেয়ারম্যান অ্যাড. কাজী রেজাউল হোসেন। তিনি বলেছেন, দ্রব্যমূল্য বেড়ে যাবে, ক্রয়সীমা মানুষের নাগালের বাইরে চলে যাবে, মানুষ একটা অপরিকল্পিত সমাজব্যবস্থার মধ্যে হাবুডুবু খাবে। সরকারের এটা চিন্তা করা উচিত। শুক্রবার (২৪ এপ্রিল) জাতীয় প্রেস ক্লাবে বাংলাদেশ কংগ্রেস আয়োজিত `চতুর্থ জাতীয় কাউন্সিল-২০২৬,-এ উপস্থিত হয়ে তিনি এসব বলেন। কাজী রেজাউল হোসেন বলেন, ঐকমত্য কমিশন গঠন হয়েছিল, শেষও হয়েছে। আমরা দেখেছি, প্রায় দেড় কোটি টাকা এই ঐকমত্য কমিশনে খরচ হয়েছে। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ঐকমত্য কমিশনের এক কাপ চা-ও বাংলাদেশ কংগ্রেস খায়নি। কমিশনে আমরাও মতামত দেওয়ার জন্য অনেকবার আবেদন করেছিলাম। কিন্তু আমাদের ডাকা হয়নি। সরকারের খাল খনন প্রকল্পে ব্যয়ের কথা উল্লেখ করে তিনি বলেন, খাল খনন

প্রজেক্ট নিয়ে অর্থ বরাদ্দ হবে এবং স্থানীয় নেতারা প্রজেক্টের টাকা লুটেপুটে খাবে। এটি বন্ধ করা উচিত, এখনই চিন্তা করা উচিত। অনুষ্ঠানে চতুর্থ জাতীয় কাউন্সিলে স্বাধীন, শক্তিশালী ও নিরপেক্ষ নির্বাচন কমিশন, স্বাধীন ও নিরপেক্ষ বিচার বিভাগ, দুর্নীতিমুক্ত প্রশাসন এবং বৈষম্যহীন সমাজ ও রাষ্ট্রের প্রত্যাশা ব্যক্ত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ডাকসু নেতাসহ ছাত্র-শিবিরের ওপর হামলায় জামায়াতের তীব্র নিন্দা

রাজধানীর শাহবাগ থানার সামনে ডাকসু নেতাদের ওপর হামলা এবং পাবনা ও কুমিল্লায় ছাত্র-শিবিরের ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। শুক্রবার (২৪ এপ্রিল) দলটির সেক্রেটারি জেনারেল গোলাম পরওয়ার এক বিবৃতিতে এ প্রতিবাদ জানান। বিবৃতিতে তিনি বলেন, ”বৃহস্পতিবার (২৩ এপ্রিল) সন্ধ্যায় শাহবাগ থানার ভেতরে ডাকসুর সাহিত্য ও সংস্কৃতিবিষয়ক সম্পাদক মুসাদ্দিক আলী এবং সমাজসেবা সম্পাদক এবি যুবায়ের ও ডাকসুর নারী নেত্রী জুমার ওপর ছাত্রদলের নেতা-কর্মীদের বর্বরোচিত ও কাপুরুষোচিত হামলা অত্যন্ত দুঃখজনক এবং অনভিপ্রেত। হাজার হাজার শিক্ষার্থীদের নির্বাচিত জনপ্রিয় প্রতিনিধিদের ওপর এই ন্যক্কারজনক হামলা গণতান্ত্রিক সভ্য সমাজে মেনে নেওয়া যায় না। আমরা এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।„ তিনি আরও বলেন, ”ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র আব্দুল্লাহ আল মাহমুদের নামে একটি ভুয়া আইডি থেকে গুজব ছড়ানো হয়। তিনি তা অস্বীকার করে নিজের পেজে পোস্ট দেওয়ার পরও, তাকে হত্যার হুমকি দেওয়া হয়। নিরাপত্তার জন্য তিনি শাহবাগ থানায় সাধারণ ডায়েরি (জিডি) করতে গেলে জিডি গ্রহণ না করে তাকে আটকে রাখা হয়। খবর পেয়ে বিষয়টি সমাধানের জন্য এবি যুবায়ের ও মুসাদ্দিক আলী থানায় আসলে ছাত্রদলের সন্ত্রাসীরা পুলিশের উপস্থিতিতে তাদের মারাত্মকভাবে আহত করে।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে আরও সাতজন মারা গেছেন। তাদের মধ্যে তিনজন হাম আক্রান্ত হয়েই মারা গেছেন বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি চারজনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় হাম ও হাম সন্দেহে সাতজনের মৃত্যু হয়েছে। গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৪২ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ১৯৮ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৪ হাজার ২৩১ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ২৯ হাজার ৫৪৯ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ১৯ হাজার ৭০৫ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ১৬ হাজার ৫২৭ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## আগের ভাড়াতেই রাজধানীতে চলছে গণপরিবহণ

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানি সংকট চলছে। এর প্রভাব এসে পড়েছে বাংলাদেশেও। বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্যবৃদ্ধির সঙ্গে সামঞ্জস্য রেখে দেশে ভোক্তা পর্যায়ে বিক্রয়মূল্য সমন্বয় করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। ফলে ঢাকা ও চট্টগ্রাম মহানগরে এবং আন্তঃজেলা বাসের ভাড়া প্রতি কিলোমিটারে ১১ পয়সা বাড়ানো হয়। ভাড়া বাড়ানোর প্রভাব জনজীবনে পড়ার কথা থাকলেও, এখনো তার ব্যতিক্রম লক্ষ্য করা গেছে রাজধানীর গণপরিবহণে। আগের নির্ধারিত ভাড়ায় এখনো যাত্রী পরিবহণ করছেন বলে জানিয়েছেন পরিবহণ শ্রমিকরা। বাড়তি ভাড়া চাওয়া হচ্ছে না বলে জানিয়েছেন রাজধানীর গণপরিবহণে চলাচলকারী সাধারণ যাত্রীরাও। শুক্রবার (২৪ এপ্রিল) রাজধানীর শ্যামলী, কারওয়ান বাজার, ফার্মগেট ও আগারগাঁও এলাকা ঘুরে গণপরিবহণ শ্রমিক ও যাত্রীদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে। তবে তেলের মূল্যবৃদ্ধির পরও যাত্রীদের কাছ থেকে নামমাত্র কার্যকর অতিরিক্ত ভাড়া আদায় না করতে পারায় আগের তুলনায় গণপরিবহণ মালিক-শ্রমিকদের দৈনিক অতিরিক্ত এক হাজার খরচ হচ্ছে বলেও ভাষ্য তাদের। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## সারা দেশে এনসিপির প্রতি অভূতপূর্ব সাড়া মিলছে : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক (এনসিপি) মো. নাহিদ ইসলাম বলেছেন, জুলাই গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে ঐতিহাসিক সংগ্রামের ভেতর থেকে গড়ে ওঠা একটি রাজনৈতিক দল এনসিপি। তারুণ্যের শক্তিকে কাজে লাগিয়ে বাংলাদেশে পরিবর্তন ও সংস্কারের যে নতুন আকাঙ্ক্ষা তৈরি হয়েছে, সেই লক্ষ্যেই এনসিপি দেশকে ঢেলে সাজাতে চেয়েছিল। সারা দেশ থেকেই এনসিপির প্রতি অভূতপূর্ব সাড়া পাওয়া যাচ্ছে। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে রাজনৈতিক নেতা ও নাগরিকদের দলে যোগদান অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। নাহিদ ইসলাম বলেন, নির্বাচনের সময় আমরা জনগণকে কমিটমেন্ট করেছিলাম- এটি কোনো সাধারণ নির্বাচন নয়, এটি দেশ পরিবর্তন ও রাষ্ট্র সংস্কারের নির্বাচন। কারণ, এই নির্বাচনের পাশাপাশি গণভোটও অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনের পর,

সরকার গঠনের পর, সেই গণভোটকে অস্বীকার করা হয়েছে। তিনি বলেন, সরকার জুলাই গণ-অভ্যুত্থানের লেগেসি থেকে এই নির্বাচনকে বিচ্ছিন্ন করে একটি সাধারণ ক্ষমতা পরিবর্তনের নির্বাচনে পরিণত করেছে। সংবিধানসহ গুরুত্বপূর্ণ সংস্কার প্রস্তাবগুলো একে একে বাতিল করা হচ্ছে। দেশে পুনরায় বৈষম্য ও দলীয়করণের প্রবণতা বাড়ছে অভিযোগ করে তিনি বলেন, প্রতিষ্ঠানগুলোকে দলীয়করণ করা হচ্ছে, বিশ্ববিদ্যালয়গুলোতে ক্ষমতার রাজনীতি আবারও মাথাচাড়া দিয়ে উঠছে। ফ্যাসিবাদ বা কোনো স্বৈরতন্ত্র টিকিয়ে রাখার চেষ্টা হলে জনগণ আবারও সংগঠিত হবে এবং এনসিপির ছায়াতলে ঐক্যবদ্ধ হবে। তিনি বলেন, সারা দেশ থেকেই এনসিপির প্রতি অভূতপূর্ব সাড়া পাওয়া যাচ্ছে। আমরা একটি সুসংগঠিত রাজনৈতিক দল গড়ে তুলতে চাই, যা তরুণ প্রজন্মের আকাঙ্ক্ষাকে ধারণ করে বাংলাদেশকে আন্তর্জাতিকভাবে মর্যাদাপূর্ণ রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠা করবে, কর্মসংস্থান নিশ্চিত করবে, বৈষম্য দূর করবে এবং গণতন্ত্র প্রতিষ্ঠা করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## বিভাজনের রাজনীতি আবারও মাথাচাড়া দিয়ে উঠছে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, বিভাজনের রাজনীতি আবারও মাথাচাড়া দিয়ে উঠছে, যা থেকে সবাইকে সরে আসতে হবে। ১৯৭১ কিংবা সাম্প্রতিক ইস্যু নিয়ে বিভক্তি নয়, বরং জাতীয় ঐক্য জরুরি। শুক্রবার (২৪ এপ্রিল) যশোর জেলা আইনজীবী সমিতি ভবনে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাডভোকেট সৈয়দ সাবেরুল হক সাবু। অনুষ্ঠান সঞ্চালনা করেন যশোর জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এম এ গফুর। আইনমন্ত্রী জানান, অনৈতিক বা পক্ষপাতদুষ্ট বিচার ব্যবস্থা মেনে নেওয়া হবে না। বিচার ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত করতে চাই এবং দুর্নীতি বন্ধে বুদ্ধিবৃত্তিক কাজ করছি। বিচার ব্যবস্থাকে আরও কার্যকর ও জবাবদিহিমূলক করতে সরকার কয়েকটি গুরুত্বপূর্ণ আইন প্রণয়নের প্রস্তুতি নিচ্ছে। এর মধ্যে রয়েছে পৃথক বিচার বিভাগ সচিবালয় আইন, মানবাধিকার কমিশন আইন, গুম কমিশন আইন এবং জুলাই সনদ আইন। তিনি বলেন, দেশে বিচার বিভাগ স্বাধীন হলেও, সুপ্রিম কোর্ট তার নিজস্ব স্বকীয়তা ধরে রাখতে ব্যর্থ হয়েছে। বিগত সরকারের সময় বিচার বিভাগের একটি অংশ রাজনৈতিক প্রভাবের অধীনে চলে গিয়েছিল, যা জনগণের আস্থাকে দুর্বল করেছে। মানবাধিকার কমিশন ও গুম কমিশন নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন রয়েছে উল্লেখ করে আইনমন্ত্রী বলেন, জুলাই সনদের কিছু অংশ নিয়েও বিতর্ক আছে। বিএনপি প্রতিশ্রুতি অনুযায়ী, এসব বিষয় সমাধানের উদ্যোগ নেবে। সভায় বিদ্যুৎ ও জ্বালানি প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত উপস্থিত ছিলেন। তিনি বিশ্বজুড়ে চলমান জ্বালানি বাজারের অস্থিরতার প্রেক্ষাপটে বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## রাজপথে নামলে সরকারের পতন ঘটাতে বেশি সময় লাগবে না: ইসহাক সরকার

জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দেওয়া যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক ইসহাক সরকার বলেছেন, ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মধ্যদিয়ে আমরা এই দিন পেয়েছি, কথা বলার অধিকার পেয়েছি। যদি দেখি, বর্তমান শাসকগোষ্ঠী আবার একইভাবে ফ্যাসিবাদের ভূমিকায় অবতীর্ণ হয়, তবে আমরা আবার রাজপথে নেমে আসবো। আপনাদের পতন ঘটাতে আমরা বেশি সময় নেবে না। তিনি বলেন, সরকারকে আহ্বান করবো, গণতান্ত্রিক অধিকার ফিরিয়ে দিন, কথা বলার অধিকার ফিরিয়ে দিন, জনগণের মৌলিক ও মানবাধিকার ফিরিয়ে দিন। নতুবা আমরা রাজপথে নামতে বাধ্য হবো। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে এক অনুষ্ঠানের মাধ্যমে জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দেন তিনি। যোগদান অনুষ্ঠানে বক্তব্যে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## আমরা উত্তরাধিকার সূত্রে অনেক অব্যবস্থাপনা পেয়েছি : বাণিজ্যমন্ত্রী

বাণিজ্য, শিল্প, পাট ও বস্ত্রমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেছেন, বর্তমান সরকারের বয়স মাত্র দুই মাস। আমরা উত্তরাধিকার সূত্রে অনেক অব্যবস্থাপনা ও অরাজকতা লাভ করেছি, যা এখন মোকাবিলা করতে হচ্ছে। শুক্রবার (২৪ এপ্রিল) দুপুরে, সিলেট সদর উপজেলার মাসুকগঞ্জ বাজারে ঐতিহাসিক `বাসিয়া খাল, পুনঃখনন প্রকল্পের প্রস্তুতি পরিদর্শন শেষে সাংবাদিকদের এ কথা বলেন। মন্ত্রী বলেন, দেশে ডিজেলের দাম মাত্র ১৫ শতাংশ বাড়ানো হয়েছে, যা প্রতিবেশী দেশগুলোর তুলনায় অনেক কম। এই সামান্য বৃদ্ধির ফলে পণ্যমূল্যে কেজি প্রতি মাত্র ৩০ পয়সার মতো প্রভাব পড়তে পারে, যা সামগ্রিক মূল্যস্ফীতিতে কোনো বড়ো নেতিবাচক প্রভাব ফেলবে না। মন্ত্রী বলেন, দেশের বিদ্যুৎ উৎপাদন এখনো অনেকাংশে গ্যাসনির্ভর। দেশে বর্তমানে ১৭ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন হলেও, চাহিদা মেটাতে আরও ৯ মিলিয়ন ঘনফুট গ্যাস আমদানি করতে হয়। অর্থের সংস্থান থাকলেও, কারিগরি কিছু সমস্যার কারণে চাহিদামাফিক গ্যাস আমদানি ব্যাহত হওয়ায় লোডশেডিং বেড়েছে। তবে সরকার দ্রুত এ সমস্যা সমাধানে কাজ করছে। আগামী ২ মে প্রধানমন্ত্রী তারেক রহমান বাসিয়া নদী খনন কাজের উদ্বোধন করবেন জানিয়ে মন্ত্রী বলেন, ৪০ কিলোমিটার দীর্ঘ এ খালের ২৩ কিলোমিটার অংশ খনন করা হবে। সদর উপজেলার মাসুকগঞ্জ বাজার থেকে শুরু হয়ে ওসমানী নগর হয়ে সুনামগঞ্জের জগন্নাথপুর পর্যন্ত এ কাজ চলবে। এর ফলে প্রায় ৯০ হাজার কৃষক উপকৃত হবেন এবং

শুষ্ক মৌসুমে সেচ সুবিধা নিশ্চিত হওয়ায়, ২০ হাজার হেক্টর জমিতে অতিরিক্ত ফসল উৎপাদন সম্ভব হবে। সৌদি থেকে উচ্চমূল্যে জ্বালানি আমদানির বিষয়ে মন্ত্রী বলেন, বিদ্যুৎ উৎপাদন স্বাভাবিক রাখা এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে মজুত বাড়ানোর ওপর জোর দেওয়া হচ্ছে। ভবিষ্যতে বৈশ্বিক পরিস্থিতিতে দেশ যাতে জিম্মি না হয়ে পড়ে, সে লক্ষ্যে সরকার অগ্রাধিকার ভিত্তিতে নতুন স্টোরেজ বা সংরক্ষণাগার নির্মাণ করবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ক্যাম্পাসে গণতান্ত্রিক প্রক্রিয়ায় বাধা দিলে রাজপথে প্রতিরোধ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, আমাদের বর্তমান পরিস্থিতিতে তিনটি লড়াই চলছে। যে লড়াইয়ের মধ্যে অন্যতম একটি লড়াই হলো গণতান্ত্রিক লড়াই। আপনারা দেখেছেন যে, ক্যাম্পাসগুলোকে অস্থিতিশীল করার প্রচেষ্টা চালানো হচ্ছে। তিনি বলেন, একটি গণতান্ত্রিক ক্যাম্পাসের জন্য আমরা আজীবন যুদ্ধ করেছি। ভবিষ্যতেও আমাদের লড়াইটা থাকবে। জাতীয় নাগরিক পার্টি বাংলাদেশের সব ক্যাম্পাসে গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করার জন্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছে। যদি কেউ গণতান্ত্রিক প্রক্রিয়া ব্যাহত করার প্রচেষ্টা চালায়, ইনশাল্লাহ রাজপথে ঐক্যবদ্ধভাবে থাকবো তাদের প্রতিরোধ করার জন্য। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে রাজনৈতিক নেতৃবৃন্দ ও নাগরিকদের দলে যোগদান অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## রুশ বিপ্লবের শহিদদের স্মরণে ঢাকায় বৃক্ষরোপণ

দ্বিতীয় বিশ্বযুদ্ধে আত্মদানকারী সোভিয়েত ইউনিয়নের সেনাদের স্মরণে এবং গ্রেট প্যাট্রিওটিক ওয়ারের (১৯৪১-১৯৪৫) ৮১তম বিজয় বার্ষিকী উপলক্ষ্যে ঢাকায় বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। ঢাকায় `গার্ডেন অব মেমোরি, শীর্ষক এ বিশেষ বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়। শুক্রবার (২৪ এপ্রিল) সকালে রাশিয়ান হাউস ইন ঢাকার উদ্যোগে ধানমন্ডি লেক এলাকায় এ সংক্রান্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম। `গার্ডেন অব মেমোরি, রাশিয়া থেকে শুরু হওয়া একটি আন্তর্জাতিক স্মারক উদ্যোগ, যা রুশ বিপ্লবে নিহতদের স্মরণে উৎসর্গিত। এ কর্মসূচিতে প্রতি বছর রাশিয়া ও বিশ্বের বিভিন্ন দেশে গাছ রোপণ করা হয়। প্রতিটি গাছ একটি প্রাণের প্রতীক হিসেবে একইসঙ্গে ঐতিহাসিক স্মৃতি সংরক্ষণ ও পরিবেশ সুরক্ষায় অবদান রাখে। প্রধান অতিথির বক্তব্যে ডিএসসিসি প্রশাসক বৃক্ষরোপণ কর্মসূচির প্রশংসা করে বাংলাদেশের পরিবেশ সুরক্ষায় সরকারের অঙ্গীকারের কথা তুলে ধরেন। তিনি জানান, জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও সবুজ বাংলাদেশ গড়তে আগামী পাঁচ বছরে ২৫ কোটি বৃক্ষরোপণের পরিকল্পনা রয়েছে। পাশাপাশি, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন ২০২৬ থেকে ২০৩০ সালের মধ্যে ৩ লাখ বৃক্ষরোপণের পরিকল্পনা নিয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকাস্থ রাশিয়ার দূতাবাসের মিনিস্টার-কাউন্সেলর ভিয়াচেস্লাভ সেন্টিউরিন। সভাপতিত্ব করেন ঢাকাস্থ রুশ হাউসের পরিচালক আলেকজান্দ্রা এ খলেভনয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ক্যাম্পাসগুলোতে সন্ত্রাস-দখলদারির রাজনীতি ফিরে আসছে : আসিফ মাহমুদ

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া বলেছেন, আওয়ামী লীগের ছাত্র সংগঠন ছাত্রলীগ যেভাবে ক্যাম্পাসগুলোতে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছিল, তার একটা চিত্র আমরা গতকালকে দেখতে পেয়েছি। আবারও ক্যাম্পাসগুলোতে মেধা এবং যোগ্যতার রাজনীতির বিপরীতে সন্ত্রাস এবং দখলদারির রাজনীতি ফিরে আসছে। শুক্রবার (২৪ এপ্রিল) বিকেলে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের এনসিপিতে যোগদান উপলক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। আসিফ মাহমুদ বলেন, আমাদের লড়াই শেষ হয়নি, লড়াইটা আরও দীর্ঘায়িত হয়েছে। মেধা ও যোগ্যতার এই রাজনীতি প্রতিষ্ঠার লড়াইটা সামনের দিনে চালিয়ে যেতে হবে। সেজন্য আমাদের সারা দেশে সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে হবে। সমাজের যারা গ্রহণযোগ্য ব্যক্তিত্ব আছেন, যারা ফ্যাসিবাদের সঙ্গে জড়িত নয়, গণহত্যার সঙ্গে জড়িত নয় এমন সবাইকে জাতীয় নাগরিক পার্টিতে অংশগ্রহণের দাওয়াত দেওয়ার জন্য দলের নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে পোশাক শ্রমিককে দলবদ্ধ ধর্ষণ, গ্রেফতার ৪

চট্টগ্রামে এক পোশাক শ্রমিককে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে তিন যুবকসহ চারজনকে গ্রেফতার করেছে পুলিশ। শুক্রবার (২৪ এপ্রিল) ইপিজেড থানার ব্যারিস্টার কলেজ রোড এলাকার বিভিন্ন ভাড়া বাসায় অভিযান চালিয়ে চারজনকে গ্রেফতার করা হয়। তারা হলেন- আপ্রুমং মারমা (২৬), থুয়াইচিং মারমা (২৯), ওথাইইনু মারমা (৩০) ও ওকরাইজা মারমা। পুলিশ সূত্রে জানা গেছে, এক চাকমা তরুণী (২২) সিইপিজেডের একটি পোশাক কারখানায় চাকরি করেন এবং ব্যারিস্টার কলেজ রোডের ভাড়া বাসায় অন্য নারী শ্রমিকদের সঙ্গে থাকেন। তার পরিচিত এক ব্যক্তি গত ১০ এপ্রিল চিকিৎসার জন্য ফেনী থেকে চট্টগ্রামে এসে ওই বাসায় ওঠেন। বিষয়টি বাসার আরেক নারী পরিচিত কয়েকজনকে

জানান। এতে অভিযুক্তরা ওই তরুণীকে জিজ্ঞাসাবাদের কথা বলে গত ১৯ এপ্রিল রাতে ব্যারিস্টার কলেজ রোডের আরেক বাসায় নিয়ে যান। সেখানে ফেনীর ব্যক্তির সঙ্গে তরুণীর অনৈতিক সম্পর্কের অভিযোগ তুলে তাকে ভয়ভীতি দেখানো হয়। এক পর্যায়ে অভিযুক্তরা তাকে ধর্ষণ করে ঘটনাস্থল থেকে সরে যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ওমরায় যেতে বাধা দেওয়ার অভিযোগে কোটি টাকা ক্ষতিপূরণ চেয়ে রিট

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হয়ে পবিত্র ওমরায় যেতে বাধা দেওয়ার অভিযোগে, এক কোটি টাকা ক্ষতিপূরণ চেয়ে হাইকোর্টে রিট করেছেন ফাতেমা বেগম নামে নারায়ণগঞ্জের এক বাসিন্দা। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) ফাতেমা বেগমের পক্ষে হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় রিটটি দায়ের করেন সুপ্রিম কোর্টের আইনজীবী মো. মাহমুদুল হাসান (মামুন)। রিটে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক, বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের প্রধান এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ওসিকে (ইমিগ্রেশন) বিবাদী করা হয়েছে। রিট পিটিশনে বলা হয়, বাংলাদেশের সংবিধানের ৩৬ এবং ৪১ অনুচ্ছেদ দ্বারা স্বাধীনভাবে চলাফেরা ও ধর্মচর্চার অধিকার যে-কোনো নাগরিকের অবিচ্ছেদ্য মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। ফাতেমা বেগম একজন ধর্মপ্রাণ বয়োজ্যেষ্ঠ নারী। জীবনের শেষ সায়াহ্নে এসে পবিত্র মক্কা ও মদিনার পুণ্যভূমি জিয়ারত এবং আল্লাহর সান্নিধ্য লাভের একবুক স্বপ্ন নিয়ে ওমরাহ পালনের উদ্দেশ্যে তিনি বিমানবন্দরে হাজির হয়েছিলেন। কিন্তু ইমিগ্রেশন কর্মকর্তাদের নিষ্ঠুর ও অবিবেচক আচরণে তার সেই পবিত্র আধ্যাত্মিক আকাঙ্ক্ষা মুহূর্তেই ধূলিসাৎ হয়ে যায়। বৈধ পাসপোর্ট ও ভিসা থাকা সত্ত্বেও কোনো সুনির্দিষ্ট ও বৈধ কারণ ছাড়াই তাকে বিমানে উঠতে বাধা দেওয়া হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ভার্চুয়াল আদালত প্রত্যাহারের আলটিমেটাম দিয়ে অবস্থান কর্মসূচি ঘোষণা

সুপ্রিম কোর্টে ভার্চুয়াল আদালত ব্যবস্থা প্রত্যাহারের দাবিতে প্রধান বিচারপতিকে সময় বেধে দিয়েছেন আইনজীবীরা। তারা জানিয়েছেন, আগামী মঙ্গলবারের (২৮ এপ্রিল) মধ্যে ভার্চুয়াল আদালত ব্যবস্থা প্রত্যাহার করা না হলে, ওইদিন থেকে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে অবস্থান কর্মসূচি পালন করা হবে। বৃহস্পতিবার (২৩ এপ্রিল) দুপুরে কালো পতাকা মিছিল করে সমাবেশের মাধ্যমে এ ঘোষণা দেন সুপ্রিম কোর্টের আইনজীবীরা। সমাবেশে বক্তব্য রাখেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী সৈয়দ মামুন মাহবুব ও আইনজীবী সমিতির সাবেক সহ-সম্পাদক মাহবুবুর রহমান খান। এ সময় সৈয়দ মামুন মাহবুব বলেন, আমি মনে করি, জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয়ের জন্য একটা বিশেষ পরিস্থিতিতে পরীক্ষামূলকভাবে ভার্চুয়াল আদালত ব্যবস্থার এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কিন্তু দু-দিনের অভিজ্ঞতায় আমরা দেখেছি, আসলে জ্বালানি ও বিদ্যুৎ সাশ্রয় হচ্ছে না। সুপ্রিম কোর্ট অঙ্গন গাড়িতে ভরে যাচ্ছে। আইনজীবী ও বিচারপ্রার্থীরাও নিয়মিত আসছেন। তিনি বলেন, একটা দেশের বিচার বিভাগ আইনের শাসন, মানবাধিকার ও নাগরিকদের মৌলিক অধিকার সংরক্ষণের মূল জায়গা। এটা তেল, গ্যাস বা অন্যান্য সংকটকে অতিক্রম করেও চালু রাখতে হবে। এটা কোনো দোকান বা শপিংমল নয় যে, ৮টার পর বন্ধ করে দিলেও সমস্যা হবে না। একটা স্বাধীন, সার্বভৌম রাষ্ট্র টিকিয়ে রাখতে হলে যে-কোনো মূল্যে বিচার বিভাগকে টিকিয়ে রাখতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## নেত্রকোনায় জামায়াতের এমপির গাড়িতে হামলা, ভাঙচুর

নেত্রকোনার পূর্বধলা উপজেলায় জামায়াতের সংসদ সদস্য মাছুম মোস্তফার গাড়িতে হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। শুক্রবার (২৪ এপ্রিল) সন্ধ্যায় উপজেলার বিরিশিরি সড়কের পাশে আতকাপাড়া পেট্রোল পাম্প এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানান, পেট্রোল নিতে পাম্পে গেলে হঠাৎ করে একদল ব্যক্তি তার গাড়িতে হামলা চালায়। এতে গাড়িটি ক্ষতিগ্রস্ত হয়। এ সময় তাকে কিছুক্ষণ অবরুদ্ধ করে রাখা হয় বলেও দাবি করেন প্রত্যক্ষদর্শীরা। উপজেলা জামায়াতের নেতাদের অভিযোগ, বিএনপির কয়েকজন নেতা-কর্মী অতর্কিতভাবে এ হামলা চালায়। তারা প্রথমে গাড়ি ভাঙচুর এবং পরে সংসদ সদস্যের উপরও আক্রমণের চেষ্টা করে। ঘটনার পর এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে এবং এক ধরনের থমথমে পরিস্থিতির সৃষ্টি হয়। তবে স্থানীয় বিএনপির নেতা-কর্মীরা হামলার বিষয়টি অস্বীকার করেছেন। সংসদ সদস্য মাছুম মোস্তফা মুঠোফোনে বলেন, হঠাৎ করে কয়েকজন এসে আমার গাড়িতে হামলা চালায় এবং ভাঙচুর করে। পরে তারা আমাকে ঘিরে ফেলে। পরে পূর্বধলা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাসনীন জাহান এবং ওসি দিদারুল ইসলাম সংসদ সদস্যকে উদ্ধার করেন। পুলিশ জানায়, ঘটনার বিষয়ে খোঁজ নেওয়া হচ্ছে এবং জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## প্রয়োজনে সংসদ-রাজপথ একাকার হয়ে যাবে : নাহিদ ইসলাম

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন, মামুনুল হককে ষড়যন্ত্র করে সংসদে যাওয়া ঠেকানো গেছে, কিন্তু রাজপথে তাকে থামানো সম্ভব নয়। আমরা সংসদে আছি, জুলাই সনদ আর গণভোট বাস্তবায়নের কথা বলার জন্য। আর রাজপথে আছেন মামুনুল হক আর নাসীরুদ্দীন পাটওয়ারী।

যদি প্রয়োজন হয়, রাজপথ আর সংসদ একাকার হয়ে যাবে। শুক্রবার (২৪ এপ্রিল) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে গণভোটের গণরায় বাস্তবায়নের দাবিতে বাংলাদেশ খেলাফত মজলিশের গণসমাবেশে এসব কথা বলেন তিনি। দেশের মানুষ ভালো নেই উল্লেখ করে এনসিপির আহ্বায়ক বলেন, আমরা এখনো রয়েসয়ে কথা বলছি। দেশের মানুষ ভালো নেই। দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, জ্বালানি সংকট, হাম সংকট, বিরোধীদল সর্বত্র দায়িত্বশীল ভূমিকা পালনের চেষ্টা করছে, সরকারকে সহযোগিতা করার চেষ্টা করছে। এসব নিয়ে আমরা রাজনীতি করতে চাইনি। কিন্তু সরকার বারবার কথার বরখেলাপ করছে। ফ্যাসিবাদকে জনগণ প্রশ্রয় দেবে না উল্লেখ করে তিনি বলেন, সরকার বিশ্ববিদ্যালয়গুলো দলীয়করণ করছে, প্রতিষ্ঠানগুলো দলীয়করণ করছে, গুন্ডা বাহিনী লেলিয়ে দিচ্ছে। বিচার বিভাগকে কুক্ষিগত করার চেষ্টা করছে। কিন্তু বাংলাদেশের জনগণ, দেশপ্রেমিক মানুষ এই নতুন করে জেগে ওঠা স্বৈরতন্ত্র, পুরোনো বন্দোবস্ত, পুরোনো সংস্কৃতিকে যারা টিকিয়ে রাখতে চায়, তাদেরকে কোনোভাবেই প্রশ্রয় দেবে না। গণভোটের রায় প্রত্যাখ্যান করলে পরিণতি ভয়ংকর হবে উল্লেখ করে নাহিদ ইসলাম বলেন, যতক্ষণ না সরকার গণভোটের গণরায় মেনে নেবে, ততক্ষণ আমরা লড়াই চালিয়ে যাবো। যদি সংখ্যাগরিষ্ঠতা, দুই তৃতীয়াংশ আসন আর গায়ের জোরে গণরায়কে প্রত্যাখ্যান করে, তাহলে তাদের পরিণতিও পুরোনো ফ্যাসিবাদীদের কায়দায় হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## অবৈধ মজুতকারিরা দেশ ও জাতির শত্রু : দুর্যোগ প্রতিমন্ত্রী

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী এম. ইকবাল হোসেইন বলেছেন, অবৈধ মজুতকারিরা দেশ ও জাতির শত্রু। বর্তমান সরকার মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে বদ্ধপরিকর। শুক্রবার (২৪ এপ্রিল) দুপুরে ময়মনসিংহের উপজেলা পরিষদের সভাকক্ষে স্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সভায় তিনি বলেন, আপনারা যেমন হালাল ব্যবসা করবেন, তেমনি বাজারে চাঁদাবাজদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকতে হবে। চাঁদাবাজ যে বা যে দলেরই হোক, তার বিরুদ্ধে আইন- শৃঙ্খলা বাহিনীকে তথ্য দিন। প্রমাণ পেলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এ সময় গৌরীপুরের ৫০ শয্যার হাসপাতালকে ১০০ শয্যায় উন্নতি করার চেষ্টা চলমান জানিয়ে গৌরীপুর পৌর এলাকায় শিশুদের জন্য একটি বিনোদন পার্ক নির্মাণের ঘোষণা দেন প্রতিমন্ত্রী।
(জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## ৪ হাজার লিটার জ্বালানি ও ভেজাল ভোজ্য তেল জব্দ

ভোলার দৌলতখানে অবৈধভাবে মজুত করা প্রায় চার হাজার লিটার জ্বালানি তেল ও ভেজাল ভোজ্য তেল জব্দ করেছে কোস্ট গার্ড। শুক্রবার (২৪ এপ্রিল) কোস্ট গার্ড সদর দপ্তরের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। তিনি বলেন, কোস্ট গার্ড বেস ভোলা গোপন সংবাদের ভিত্তিতে বৃহস্পতিবার (২৩ এপ্রিল) রাত ১০টার দিকে দৌলতখানের বিউটি রোড-সংলগ্ন বেড়িবাঁধ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। এসময় ছয়টি দোকান তল্লাশি করে অবৈধভাবে মজুত করা ২ হাজার ৮৫০ লিটার ডিজেল, পেট্রোল ও অকটেন এবং ৯০০ লিটার ভেজাল ভোজ্য তেল জব্দ করা হয়। জব্দ তেলের দাম ৫ লাখ ৪০ হাজার ৭৫০ টাকা। জব্দ জ্বালানি তেল দৌলতখান উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) তত্ত্বাবধানে বাজারমূল্যে বিক্রি এবং ভেজাল ভোজ্য তেল বিনষ্ট করার কার্যক্রম প্রক্রিয়াধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল, আটক ৯

চট্টগ্রাম নগরের কয়েক এলাকায় ঝটিকা মিছিল করেছেন নিষিদ্ধঘোষিত ছাত্রলীগের নেতা-কর্মীরা। ঝটিকা মিছিলের পর পৃথক অভিযানে অন্তত ৯ জনকে আটক করেছে পুলিশ। শুক্রবার (২৪ এপ্রিল) সকাল থেকে দুপুরের মধ্যে মেহেদিবাগ, সিআরবি পলোগ্রাউন্ড এবং ২ নম্বর ষোলশহর এলাকায় এসব মিছিল হয়। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, সকালে এমইএস কলেজ ছাত্রলীগের ব্যানারে একটি মিছিল নগরের মেডিকেল সেন্টার এলাকা থেকে শুরু হয়ে গোলপাহাড় মোড়ে গিয়ে শেষ হয়। পরে জুমার নামাজের সময় সিআরবির পলোগ্রাউন্ড স্কুলের সামনে আরেক ঝটিকা মিছিল বের হয়। একই সময়ে ২ নম্বর ষোলশহর কর্ণফুলি মার্কেটের সামনে আরেক মিছিল করেন ছাত্রলীগের নেতা-কর্মীরা। কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আফতাব উদ্দিন বলেন, পলোগ্রাউন্ড এলাকায় জুমার নামাজের সময় কয়েক সেকেন্ডের মিছিল হয়। আমাদের টহল টিম দ্রুত ঘটনাস্থলে গিয়ে ছয়জনকে আটক করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২৪.০৪.২০২৬ রিহাব)

# BBC

## INDIA CONDEMNS REMARKS SHARED BY TRUMP CALLING IT A 'HELLHOLE'

Donald Trump's administration has cracked down on immigration since he became president Delhi has criticised "inappropriate" remarks about Indians and India shared by US President Donald Trump on his Truth Social account. Trump shared a four-page transcript of remarks made by podcaster Michael Savage on America's birthright citizenship where he accused people from India and China of abusing the privilege. "A baby here becomes an instant

citizen, and then they bring the entire family in from China or India or some other hellhole on the planet," the transcript documents Savage as saying. India's foreign ministry reacted to the remarks without naming Trump or Savage but said they were "uninformed, inappropriate and in poor taste". "They certainly do not reflect the reality of the India-US relationship, which has long been based on mutual respect and shared interests," the ministry said in its statement. The remarks created a furore in India, with the main opposition Congress party calling them "extremely insulting and anti-Indian". "Prime Minister Narendra Modi should take up this matter with the US President and register a strong objection," the party said in a post on X. (BBC Web page : 24.04.2026 Ali Ahmed)

**COUPLE DISCOVERS LEBANON HOME DESTROYED BY ISRAEL FROM SATELLITE IMAGE**

"It's a catastrophe... for all of us, not only my family, but every single family that lives in that town." Joe Elias and his wife Diana have not been able to return to their home in Qouzah, a predominantly Christian village in southern Lebanon, since renewed fighting between Hezbollah and Israel began in early March. When BBC Verify reported that Qouzah was among several villages in southern Lebanon where buildings had been demolished after Israeli forces invaded, the Elias family got in touch. Satellite imagery later obtained independently by both BBC Verify and the family showed the house they had built had been flattened and several of their olive trees destroyed.(BBC Web page : 24.04.2026 Ali Ahmed)

**EPSTEIN HOUSED ABUSE VICTIMS IN LONDON FLATS, BBC REVEALS**

Sex-criminal financier Jeffrey Epstein housed women who say he abused them in several London flats in the years after UK police decided not to investigate him, the BBC can reveal. We found evidence of four flats, rented in the affluent borough of Kensington and Chelsea, in receipts, emails and bank records contained within the Epstein files. Six of the women housed in them have since come forward as victims of Epstein's abuse. Many of them - from Russia, eastern Europe and elsewhere - were brought to the UK after the Metropolitan Police decided not to investigate Virginia Giuffre's 2015 allegation that she had been a victim of international trafficking to London. The Met said it followed "reasonable lines of inquiry" at the time, interviewing Giuffre on multiple occasions following her complaint and co-operating with US investigators.(BBC Web page : 24.04.2026 Ali Ahmed)

**SOUTH KOREA POLICE ARREST MAN FOR POSTING AI PHOTO OF RUNAWAY WOLF**

South Korean police have arrested a man for sharing an AI-generated image that misled authorities who were searching for a wolf that had broken out of a zoo in Daejeon city. The 40-year-old unnamed man is accused of disrupting the search by creating and distributing a fake photo purporting to show Neukgu, the wolf, trotting down a road intersection. The photo, circulated hours after Neukgu went missing on 8 April, prompted authorities to urgently relocate their search operation, sending them on a wild wolf chase. The hunt for two-year-old Neukgu gripped the nation before he was finally caught near an expressway last week, nine days after his escape. The AI-generated image of Neukgu had prompted Daejeon city government to issue an emergency text to residents, warning them of a wolf near the intersection. Authorities also presented the AI image during a press briefing on the runaway wolf, local media reported. (BBC Web page : 24.04.2026 Ali Ahmed)

**ISRAELI PM BENJAMIN NETANYAHU TREATED FOR PROSTATE CANCER**

Israeli Prime Minister Benjamin Netanyahu has said he is "in excellent physical condition" after the publication of his annual medical report revealed he had a malignant tumour removed. In a post on X on Friday, Netanyahu said that during routine medical monitoring following successful surgery for an enlarged benign prostate, doctors found an early-stage malignant tumour. Treatment had "removed the problem and left no trace of it", he added. Netanyahu said he had requested to delay publication of his health record so it was not released at the height of the US and Israel's war with Iran, to prevent Tehran from spreading "even more false propaganda against Israel". The 76 year-old Israeli leader said he underwent the initial surgery for an enlarged benign prostate in 2024 and has been under routine medical monitoring. "(BBC Web page : 24.04.2026 Ali Ahmed)

## :: THE END ::